(গ) বাঁকুড়ায় ঐ সময় কোন ইউনিটকে টার্ম লোন ও ইনসেনটিভ দেওয়া হয় নাই

(ঘ) নাইলন- ৬ ডব্লু . বি. আই. ডি. সি-র উদ্দোগে একটি যৌথ প্রকল্প এবং ঐ প্রকল্প [illegible]কে সাবসীডি

প্রারম্ভিক ব্যয় ডব্লু. বি. আই. ডি. সি বহন করিতেছে।

কংসাবতী কো-অপারেটিভ স্পিনিং মিল সাহায্যের জন্য কোন আবেদন ডব্লু. বি. আই. ডি. সি. -র কাছে পেশ করে নাই।

শ্রী কাশীনাথ মিশ্র : আপনি বললেন ডব্লু. বি. আই. ডি. সি. ৮৮টি এবং ১৫৫টি স্পনসোর করেছেন এবং ব্যাঙ্কে পাঠানো হয়েছে। ব্যাঙ্ক কতগুলি কার্যকরী করেছে, সেটা জানাবেন -

শ্রী নির্মল কুমার বোস : এর অধিকাংশই তারা পেয়ে গেছে।

শ্রী কাশীনাথ মিশ্র : আপনি নাইলন - ৬ এর জন্য বাঁকুড়ার কথা বলেছেন। এই নাইলন - ৬ কে কি পরিমান ইনসেনটিভ দেওয়া হয়েছে এবং কংসাবতী স্পিনিং মিল দরখাস্ত করে নি বলেছেন, তাদের সেখানে কোন অসুবিধা হচ্ছে বলে আপনি মনে করেন ?

শ্রী নির্মল কুমার বোস : দুটি পৃথক প্রশ্ন নাইলন - ৬ হচ্ছে জয়েন্ট সেক্টর প্রজেক্ট যৌথ প্রকল্প ওখানে আমাদের রাজ্য সরকার, ডব্লু. বি. আই. ডি. সি-র 2¼ লক্ষ টাকা ব্যয় করেছেন। এটা নিয়ে আমরা অগ্রসর হচ্ছি কোথায় হবে চূড়ান্ত ভাবে এখনো স্থির হয়নি। তবে দু-তিনটি জায়গার কথা ভাবা হচ্ছে, তার মধ্যে বাঁকুড়াও আছে। আর কংসাবতী স্পিনিং মিল ডব্লু. বি. আই. ডি. সি-র কাছে কোন দরখাস্তই করে নি। সুতরাং কত টাকা কিভাবে দেওয়া হল ইত্যাদি সেই প্রশ্ন এখানে ওঠে না।

শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য : এই সময়ে যে সমস্ত ইন্ডাসট্রিয়াল ইউনিটকে শেয়ার পার্টিসিপেশনে টার্ম লোন, ইনসেনটিভ ইত্যাদি দেওয়া হয়েছে সেটা বললেন। এই সমস্ত ক্ষেত্রে এবং অন্য কোন ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার এই ধরণের সাহায্য বা সহযোগিতা করেন কিনা বা করলে কতটা ইউনিটকে করেছেন সেটা বলতে পারবেন ?

শ্রী নির্মল কুমার বোস : কেন্দ্রীয় সরকার সরাসরি সাহায্য করে না তাদের বিভিন্ন সংস্থা সাহায্য করে। এই সম্পর্কে পৃথক প্রশ্ন দিলে তার উত্তর দিতে পারব। তবে সাধারণ ভাবে বলি যে, শিল্প বিহীন এলাকার জন্য কেন্দ্রীয় সরকার বিশেষ সাহায্য ঘোষণা করেছেন এবং আই. ডি. বি. আই. সাহায্য দিয়ে থাকে এবং সেগুলি পশ্চাদপদ এলাকা হিসাবে চিহ্নিত বলেই সেখানে কিছু কিছু সাহায্য দিয়ে থাকে। নির্দিষ্ট ভাবে প্রশ্ন করলে উত্তর দেব।

শ্রী অমলেন্দ্র রায় : আপনি বললেন ২/৩ টি জায়গায় নাইলন ৬ ফ্যাক্টরী স্থাপন করার কথা বিবেচনা করা হচ্ছে। অরিজিন্যালি এই ৬ টি ফ্যাক্টরী ফরাক্কায় করার কথা প্রস্তাব করা হয়েছিল। এই প্রস্তাব কি পরিত্যক্ত হয়েছে, হয়ে থাকলে কেন হয়েছে, বললেন ?

শ্রী নির্মল কুমার বোস : পরিত্যক্ত কোনটা হয়েছে, না হয়েছে, সেটা বলা যাবে না। কয়েকটি জায়গা নিয়ে এটা বিবেচনা করা হচ্ছে। কোথায় করলে ভাল হয়, সব দিক বিবেচনা করা হচ্ছে। এর মধ্যে অনেকগুলি জায়গার নাম আছে।

বাঁকুড়া জেলায় স্পিনিং মিল এবং চায়না ক্লে ওয়াশারি স্থাপন

*৪৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৭।) **শ্রী সুভাষ গোস্বামী :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি বাঁকুড়া জেলার স্পিনিং মিল এবং চায়না ক্লে ওয়াশারি স্থাপনের পরিকল্পনা কতখানি বাস্তবায়িত হয়েছে ?

শ্রী প্রলয় তালুকদার : বাঁকুড়া জেলায় স্পিনিং মিল স্থাপনের জন্য জমি নেওয়া হয়েছে এবং ঐ জমির সীমানা বরাবর পাঁচিল তোলা হয়েছে। মিলের অফিস এবং পাহারারত কর্মিদের জন্য দুটি বিল্ডিং তৈরীর কাজ প্রায় শেষ হয়ে এসেছে। প্রয়োজনীয় যন্ত্রপাতির অর্ডার দেয়া হয়েছে। ফ্যাক্টরী বিল্ডিং এর নির্মাণ কাজ চলছে।

ঐ জেলার পাতাকোলা মৌজায় চায়না ক্লে ওয়াশারী স্থাপনের জন্য প্রয়োজনীয় জমি নেওয়া হয়েছে এবং পাইকা ও বেলডোবা অঞ্চলে প্রয়োজনীয় জমি দীর্ঘ মেয়াদী ইজারায় নেবার বন্দোবস্ত হচ্ছে। কারখানাটির নির্মাণ কাজ শীঘ্র শুরু হবে বলে আশা করা যায়।

শ্রী নবনী বাউরি : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, বাঁকুড়া জেলার এই স্পিনিং মিলের কাজ কতদূর এগিয়েছে?

শ্রী প্রলয় তালুকদার : আমি আমার উত্তরেই বলেছি যে কাজ সুরু হয়ে গিয়েছে। বাউন্ডারী ওয়াল হয়েছে,বিল্ডিং-এর কাজ হচ্ছে, মেশিনের অর্ডার ইত্যাদি চলে গিয়েছে।

শ্রী নবনী বাউরি : কতদিনের মধ্যে এর কাজ শেষ হবে মাননীয় মন্ত্রীমহাশয় তা জানাবেন কি ?

শ্রী প্রলয় তালুকদার : এই মুহূর্তে সেটা বলতে পারছি না, তবে আমার মনে হচ্ছে, নির্ধারিত যা সময় ছিল তার থেকে কিছু সময় বেশী লাগবে।

শ্রী উপেন কিস্কু : এ স্পিনিং মিলের কাজ এত ধীরে চলছে যে সেখানকার কাজ এগুচ্ছে বলে স্থানীয় লোকেরা মনে করতে পারছে না। এর হেড অফিস বোধহয় কোলকাতায়। হেড অফিস কোলকাতায় হবার ফলে মিটিংগুলিও কোলকাতায় হয় এবং সরাসরি তদারকি অসুবিধা হয়। চায়না ক্লে ওয়াশারির কাজের গতিও খুব ধীর। আমার জিজ্ঞাসা, কাজের গতি বাড়াবার জন্য ব্যবস্থা নেবেন কি?

শ্রী প্রলয় তালুকদার : মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি, স্পিনিং মিলের মিটিং-এর ব্যাপারে আমরা ঠিক করেছি একটা মিটিং কোলকাতায় হবে এবং পরেরটা বাঁকুড়ার বরজোরাতে হবে। প্রতিটি মিটিং বাঁকুড়াতে করা যাবে না। তার কারণ, ব্যাঙ্ক, আই. ডি. বি. আই — এদের অফিসারদের পক্ষে সেখানে সব সময় যাওয়া সম্ভব নয়। সেইজন্য আমরা ঠিক করেছি, একটা মিটিং হবে কোলকাতায় এবং অপরটি হবে বাঁকুড়ায়। চায়না ক্লে ওয়াশারির ব্যাপারে আমাদের জমির ব্যাপারে সমস্যা ছিল, সেই সমস্যা আমরা ওভারকাম করেছি। গত মাসে আমাদের অফিসারদের নিয়ে আমি ওখানকার ডিসটিক্ট অথরিটি এবং জেলাপরিষদকে নিয়ে বসেছিলাম। আমরা দ্রুত কাজ শেষ করার জন্য ব্যবস্থা নিয়েছি।

শ্রী কৃপাসিন্ধু সাহা : মাননীয় মন্ত্রীমহাশয় বললেন ওখানে কিছু কিছু কাজ সুরু হয়েছে। আমার প্রশ্ন, কবে ওখানকার কাজ সুরু হয়েছে এবং কাজ কতটা হয়েছে তা জানবেন কি ?

শ্রী প্রলয় তালুকদার : স্পিনিং মিলের কি কি কাজ হয়েছে সেটা আমি আমার উত্তরেই বলে দিয়েছি। আমাদের হয়ত কয়েক মাস বেশী সময় লাগবে, তার কারণ, আই. ডি. বি. আই থেকে যে টাকা আমাদের পাবার কথা ছিল সেটা পেতে আমাদের অনেক দেরি হয়েছে। সেখানে প্রায় ১১/২ বছর আমাদের দেরি হয়েছে। খুব সম্প্রতি আমরা ওদের কাছ থেকে জানতে পেরেছি যে টাকা তারা দেবেন। এটা যদি ১১/২ বছর আগে পেতাম তাহলে কাজটা অনেক দ্রুত হতে পারতো। টাকা পেতে আমাদের প্রায় দু বছর দেরি হওয়া স্বত্বেও হয়ত ৪/৫ মাস দেরি হবে। মাননীয় সদস্যদের অবগতির জন্য আরো জানাচ্ছি, ষষ্ঠ পরিকল্পনাতে পশ্চিমবাংলায় দুটি স্পিনিং মিল বাঁকুড়া এবং মেদনীপুরে করার সিদ্ধান্ত হয়েছিল কিন্তু সম্প্রতি জানতে পেরেছি, বাঁকুড়ারটা পাচ্ছি, মেদনীপুরেরটা পাইনি। কেন্দ্র এবং আই. ডি. বি. আই থেকে অনুমোদিন পেতে আমাদের ৪ বছর দেরি হয়েছে কিন্তু তা সত্ত্বেও আমরা নির্ধারিত সময়ের পর ৬ থেকে ৮ মাসের ভেতরে শেষ করতে পারবো।

সংবাদ পত্রে বিজ্ঞাপন বাবদ ব্যয়

*৪৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১০২।) **শ্রী সুব্রত মুখোপাধ্যায় :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১-১-১৯৮০ থেকে ৩১-১২-১৯৮৪ পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গ সরকার সংবাদপত্র পত্রিকাগুলিকে মোট কত টাকার বিজ্ঞাপন দিয়েছেন ; এবং

(খ) তন্মধ্যে উক্ত সময়ে আনন্দবাজার গ্রুপ অব পাব্লিকেশনকে এবং গণশক্তি গ্রুপ অব পাব্লিকেশন কে কত টাকার বিজ্ঞাপন দেওয়া হয়েছে ?

শ্রী প্রভাস চন্দ্র ফদিকার :

(ক) বিজ্ঞাপনের হিসাব আর্থিক বৎসর অনুযায়ী থাকায়, বিশেষভাবে বিগত বৎসরগুলির ক্ষেত্রে বৎসরের যে কোন সময় থেকে হিসাব দেওয়া সম্ভব হয় না। সেজন্য ১.১.১৯৮০ তারিখের পরিবর্তে ঐ আর্থিক বছর ১.৪.৭৯ তারিখ থেকে ৩১.১২.৮৪ তারিখ পর্যন্ত সময়ে দৈনিক পত্র-পত্রিকাগুলিতে প্রচারিত বিজ্ঞাপনের মূল্য দেওয়া হলো - যার পরিমাণ - ৬, ৯১, ৭৭, ৭১৮ টাকা।

(খ) উপরোক্ত সময়ে আনন্দবাজার গ্রুপ অব পাব্লিকেশন মোট ১, ১৪, ৮৬, ২৭০. ০০ টাকা এবং গণশক্তি গ্রুপ অব পাব্লিকেশনকে ৩৭, ১১, ৫৯২.০০ টাকা মূল্যের বিজ্ঞাপন দেওয়া হয়েছে।

[1.30 --1.40 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, দৈনিক পত্রিকা গুলিকে বিজ্ঞাপন দেওয়ার ভিত্তিটা কি ?

শ্রী প্রভাস চন্দ্র ফদিকার : পত্রিকার বিজ্ঞাপন প্রচারের মান, উক্ত পত্রিকার বিভিন্ন বিষয়বস্তু প্রচারের মান, বিভিন্ন পাঠক শ্রেণীর মধ্যে পত্রিকার প্রচারের সংখ্যা এবং উক্ত পত্রিকায় বিজ্ঞাপন দিলে বিজ্ঞাপনের উদ্দেশ্য সফল হবে কিনা ইত্যাদি বিষয়গুলি বিচার বিবেচনা করে বিজ্ঞাপন দেওয়া হয়।

শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন, আনন্দবাজার পত্রিকাকে ১ কোটি ১৫ লক্ষ টাকার বিজ্ঞাপন দিয়েছেন, অথচ গণশক্তিকে মাত্র ৩৭ হাজার টাকার বিজ্ঞাপন দিয়েছেন। গণশক্তির প্রতি এ রকম বিমাতৃসুলভ আচরণ করছেন কেন ?

শ্রী প্রভাস চন্দ্র ফদিকার : আমরা পত্রিকায় বিজ্ঞাপন দেওয়ার ক্ষেত্রে নির্দিষ্ট নীতিতে বিশ্বাসী, নিরপেক্ষতাই আমাদের মূল নীতি। তাই প্রচার সংখ্যা এবং পত্রিকার মান বিবেচনা করে আমরা বিজ্ঞাপন দিয়ে থাকি। তবে '৭৭ সালের আগে আমাদের বিভাগের কাছে গণশক্তি পত্রিকার যে মূল্য ছিল এখন তার থেকে কিছুটা স্বাস্থ্য সম্মত হয়েছে।

শ্রী রবীন্দ্র নাথ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি আনন্দবাজার গ্রুপের ১.৪.৮০ থেকে ৩১.১২ ৮৪ পর্যন্ত মোট হিসাবটি দিলেন, অনুগ্রহ করে বিভিন্ন বছরের ব্রেক-আপটা কি দেবেন ?

শ্রী প্রভাস চন্দ্র ফদিকার : আনন্দবাজার গ্রুপ অফ্ পাবলিকেসনের তিনটি পত্রিকা আছে, আনন্দবাজার, বিজনেস স্ট্যান্ডার্ড, টেলিগ্রাফ। শুধু আনন্দবাজার পত্রিকাকে আমরা ১৯৭৯-৮০ সালে দিয়েছি ১৮, ৪৮, ৩৪৭ টাকা ৭৫ পয়সা, ১৯৮০-৮১ সালে ২০, ৬৩, ৪৩২ টাকা ৫০ পয়সা, ১৯৮১-৮২ সালে ২০, ৯৪, ০৪০ টাকা, ১৯৮২-৮৩ সালে ১৪, ৭৯, ৮৩৫ টাকা, ১৯৮৩-৮৪ সালে ১৬, ৬০, ০৫০ টাকা এবং ১৯৮৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ১৪, ৭৮, ১০০ টাকা। বিজনেস স্ট্যান্ডার্ডেরও এ রকম প্রতি বছরের হিসাব আছে, তার মোট পরিমান হচ্ছে ৩, ৮০, ৮১১ টাকা। আর টেলিগ্রাফ পত্রিকার মোট পরিমান হচ্ছে প্রথম তিন বছর এটা ছিল না — ৪, ৮১, ৬৫৫ টাকা।

ডাঃ জয়নাল আবেদিন : Will the Hon'ble Minister-in-charge be pleased to state as to whether the rates of publication and advertisement payable to the newspapers in Ananda Bazar Group of Publication and in Ganasakti are equal and are the circulations of both groups equal or there is a wide difference ?

শ্রী প্রভাস চন্দ্র ফদিকার : মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে, পত্রিকা গুলির তিনটি শ্রেণী বিন্যাস রয়েছে বৃহৎ, মাঝারী এবং ক্ষুদ্র এবং সেটা পত্রিকার প্রচার সংখ্যার উপর নির্ভর করে। দৈনিক ৫০, ০০০-এর উপর প্রচার হলে বৃহৎ পত্রিকার মধ্যে পড়ে এবং আনন্দবাজার সেই শ্রেণীতে পড়ে। তাদের বিজ্ঞাপনের হার পার কলম্ সেন্টিমিটার ১০০ টাকা। আর গণশক্তির ক্ষেত্রে এই হারটা হচ্ছে ৩৫ টাকা।

শ্রী সরল দেব : ঐ একই সময়ে যুগান্তর, বসুমতী এবং সত্যযুগে এ্যাডভার টাইজমেন্ট বাবদ কত টাকা

দিয়েছেন জানাবেন কি ?

শ্রী প্রভাস চন্দ্র ফদিকার : আমার কাছে বিস্তৃত হিসাব রয়েছে। তবে সেগুলি নিশ্চয়াই ওদের থেকে কম। সম্প্রতি যে হিসাব অর্থাৎ এ বছরের সেটা বলে দিতে পারি।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, প্রতি বছরই অধিবেশনের সময়ে এই প্রশ্ন হয় এবং প্রতি বছরই দেখা গেছে আনন্দবাজার পত্রিকা গোষ্ঠীকে সরকারের তরফ থেকে সব চেয়ে বেশী বিজ্ঞাপন পায় এবং সরকারের তরফ থেকে আনন্দবাজারের বিরুদ্ধে প্রতিক্রিয়ার মুখপত্র বলা হয়। তাসত্ত্বেও বিজ্ঞাপন দেওয়ার ব্যাপারে সরকার থেকে আনন্দবাজার গোষ্ঠীকেই বেশী বিজ্ঞাপন দেওয়া হয়। এই যে অম্ল-মধুর সম্পর্ক এর কারণ কি ?

শ্রী প্রভাস চন্দ্র ফদিকার : আমি পুনরুক্তি করছি, সংবাদপত্রে বিজ্ঞাপন দেওয়ার ক্ষেত্রে আমরা নিরপেক্ষতায় বিশ্বাসী। গণশক্তির ক্ষেত্রে দেখেছি, ডাঃ বিধান চন্দ্র রায়ের আমলে কিছু পেতেন, মাঝখানে বন্ধ ছিল, পুনরায় সুরু হয়েছে।

মুর্শিদাবাদের ভান্ডোর-কান্দী সালার সড়ক ময়ূরাক্ষীর দক্ষিন তীরের বাঁধ মেরামত

*৪৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৩।) **শ্রী অমলেন্দ্র রায় :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মুর্শিদাবাদ জেলার ভান্ডোর হতে কান্দী সালার সড়ক পর্যন্ত ময়ূরাক্ষীর দক্ষিণ তীরের বাঁধ মেরামতের জন্য জনসাধারণ দাবি করেছেন কি ; এবং

(খ) করে থাকলে উক্ত বাঁধের সামগ্রিক উন্নয়ন ও সংস্কারের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

শ্রী ননী ভট্টাচার্য :

(ক) মুর্শিদাবাদ জেলার (১) দেওর-ভান্ডোর (২) চৈতপুর - সুন্দরপুর এবং (৩) মালিয়ান্দী হইতে বিল পাঁচথুপী পর্য্যন্ত বাঁধ তিনটি মেরামতের জন্য জনসাধারণ দাবী আছে।

(খ) উপরি উক্ত বাঁধগুলির সাধারণ মেরামতির জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে এবং হচ্ছে। কান্দী মাষ্টার প্ল্যান সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হবার পর প্রকল্পটি অনুমোদিত এবং প্রয়োজনীয় অর্থসংস্থানের ব্যবস্থা হলে বাঁধগুলির সামগ্রিক উন্নয়ন এবং সংস্কারের কাজ হাতে নেয়া হবে।

শ্রী অমলেন্দ্র রায় : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, ময়ূরাক্ষী নদীর উত্তর এবং দক্ষিণ দুইদিকের পাড় ১৯৭৮ সালে বন্যার আগে সমান উচ্চতা বিশিষ্ট ছিল। ১৯৭৮ বন্যার পর উত্তর পাড় দক্ষিণ পাড়ের চাইতে প্রায় ৩ ফুট উঁচু করে দেওয়া হয়েছে। আমি জানতে চাইছি, এটা করার কোন টেকনিক্যাল কারণ ছিল যারজন্য একদিকের পাড় অর্থাৎ দক্ষিণ দিকের পাড় নিচু করেছেন যারফলে ওভার-টপিং যা হবে তাতে ধ্বংস হয়ে যাচ্ছে এটা জানা সত্ত্বেও উত্তর পাড় এইভাবে উঁচু করা হলো কেন ?

শ্রী ননী ভট্টাচার্য : নোটিশ দিলে বলতে পারবো, এটা টেকনিক্যাল ব্যাপার আছে, উত্তর দক্ষিণের ব্যাপার আছে। তবে সাধারণ বুদ্ধিতে বলতে পারি, নদী যদি জ্যাকেটিং করা হয় তাহলে স্পিল-ওভার বা ওভার টপিং করার সুযোগ রাখা দরকার। যারা ইঞ্জিনীয়ার তারা এটা বলতে পারবেন। তবে প্রশ্ন করলে আমি সঠিক উত্তর দিতে পারবো।

শ্রী অমলেন্দ্র রায় : আপনি বললেন কান্দী মাষ্টার প্ল্যান। এই সামগ্রিক প্ল্যানের কথা আমরা শুনে আসছি, সেই প্ল্যানের সঙ্গে এটা সংযুক্ত করা হচ্ছে। এটা তো লংটার্ম প্রোগ্রাম। আজকে সর্ট-টার্মের যে সমস্যা দেখা যাচ্ছে আমি জানি না আপনি সেই রকম কোন খবর দিতে পারবেন কিনা - ঐ লং টার্ম যে সলিউশন - সেটা কি অবস্থায় আছে এবং সেটা যদি আপাততঃ কার্যকরী না হয়, তাহলে সর্ট টার্ম যেটা আছে, হবে কি হবে না ?

[1.40 -- 1.50 p.m.]

শ্রী ননী ভট্টাচার্য ঃ লং টার্ম যে পরিকল্পনা, ইনটিগ্রেটেড্ প্ল্যান, সেই কান্দি ইনটিগ্রেটেড্ স্কিম, মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, এখন এর ম্যাথ্মেটিক্যাল, মডেল করা হয়েছে এবং সেটা নিয়ে আবার পরীক্ষা করা হচ্ছে। সেখানে বড় কথা হচ্ছে, ঐ স্কিমের মধ্যে পাঁচটা উল্লেখযোগ্য বিষয় আছে, যথা —

(1) Strengthening of the left bank embankment from Tilpara Barrage to Trimohani.

(2) Strengthening of the right bank embankment from Sainthia Railway Line to the Out fall of river Kuya.

(3) Strengthening of the embankment on the right bank of river Kuya near Badshai Road upto Schalai

(4) Strengthening of the right embankment of river Dwarka and Kana Mayurakshi.

(5) Strengthening of the left embankment of Kana Mayurakshi which continues as right embankment of river Dwarka upto Sankoghat on Badshai Road.

এই পাঁচটা হচ্ছে ঐ স্কিমের অন্তর্ভুক্ত এবং এগুলো করার কথা। এখন যে অবস্থা হয়েছে - সেটা জি. এফ. সি. সি-র কাছে সাবমিট করা হয়েছে এবং তাঁরা আরো কতগুলো বিষয়ে পরীক্ষা করে দেখবার কথা বলেছেন। তাঁরা সন্দেহ করেন যে, যেভাবে স্কিমটি তৈরী করা হয়েছে, তার ফলে ভাগিরথীর জল টানার ক্ষমতা হ্রাস পাবে। প্রথম দিকে এতে জ্যাকস্টিং করার কথা ছিল, কিন্তু তাঁরা বলেছেন যে, জ্যাকস্টিং করা ঠিক হবে না। রিভার সিস্টেম পরীক্ষা করে দেখবার জন্য ম্যাথ্মেটিক্যাল মডেলের আশ্রয় নেওয়া হয়েছে। সেখানে মডেল অনুযায়ী দেখা গেছে যে, উপরুল্লিখিত পাঁচটা কাজ করা সম্ভবপর। এবং আরো দেখা গেছে যে, এর ফলে কয়েকটি গ্রাম পঞ্চায়েত এলাকাও উপকৃত হবে, যেমন - কুরুনান গ্রাম পঞ্চায়েত, জাজন গ্রাম পঞ্চায়েত, তালগ্রাম গ্রাম পঞ্চায়েত এবং ভরতপুর গ্রাম পঞ্চায়েত এর ফলে উপকৃত হবে। আগে জল পাওয়া যাচ্ছিল ৩৩৫ স্কোয়ার কিলোমিটারের জন্য, কিন্তু এনানসিয়েটেড স্কিমে ৯৬২ স্কোয়ার কিলোমিটার এলাকার সেচের জল দেওয়া যাবে বলে কিছুটা রিলিফ দেওয়া সম্ভব হবে। এখন যে অবস্থা আছে, তাতে স্কিমটি সম্বন্ধে অনুসন্ধান করা হচ্ছে এবং দেখছি যে, টাকা পয়সা পেলে স্কিমটা করা যেতে পারে। মাননীয় সদস্য ঠিক কথাই বলেছেন যে, প্রোগ্রামটি একটা লং টার্ম স্কিমের মধ্যে পড়ে। আমরা এই স্কিমটি সামনে রেখে কোন কোন কাজ করা যায় কিনা সেটা বিচার করে দেখছি।

শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ময়ুরাক্ষীর উত্তর পাড় বেঁধে দিলেন, কিন্তু দক্ষিণ পাড় বেঁধে দিলেন না। এর ফলে প্রতি বছর কয়েকটি গ্রাম জলমগ্ন হচ্ছে। এ-সম্পর্কে কোন ব্যবস্থা গ্রহণের কথা চিন্তা করছেন কিনা অনুগ্রহ করে জানাবেন কি ?

শ্রী ননী ভট্টাচার্য ঃ হাই ফ্লাড দেখা দিলেই এখন কেবলমাত্র এসব এলাকা জলমগ্ন বা জলপ্লাবিত হচ্ছে।

শ্রী সত্যপদ ভট্টাচার্য্য ঃ যারা এফেক্টেড হচ্ছে তাদের জন্য আপনি কি করছেন ?

শ্রী ননী ভট্টাচার্য্য ঃ ওদের ব্যাপারে নতুন কিছু নেই। এখানে কতিপয় ওভার টপ হচ্ছে। মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন প্রতি বছর ওভার টপ করে জল চলে আসে না।

শ্রী রাই চরণ মাঝি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি কুয়ো নদীর উপর কেতু গ্রামে একটা বাঁধ দেওয়ার ব্যপারে জেলা পরিষদ থেকে একটা স্কীম পাঠানো হয়েছিল, সেই স্কীম স্যাংসান হলে রুপায়িত হতে কত বিলম্ব হবে ?

মিঃ স্পীকার ঃ এই প্রশ্ন ওঠে না।

বীরভূম জেলা পরিষদ কর্তৃক বিনা টেন্ডারে ঠিকাদারদের কাজ দেওয়ার ঘটনা

*৪৪০।(অনুমোদিত প্রশ্ন নং *২১৪।) **শ্রী সুনীতি চট্টরাজ :** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বীরভূম জেলা পরিষদের সভাপতি বিনা টেন্ডারে ঠিকাদারদের কাজ দিয়েছেন এরকম অভিযোগ সরকারের কাছে এসেছে কি ; এবং

(খ) সত্য হলে এবিষয়ে সরকার কি ব্যবস্থা নিয়েছেন ?

শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, তাহলে কি বীরভূম জেলা পরিষদে কাজ - কর্ম সুচারু রূপে পালন করা হচ্ছে ?

শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী : যে প্রশ্নটা করা হয়েছে সেটা সমস্তটা টেন্ডারে করা হয়েছে। প্রশ্ন যেটা ছিল সেখানে বলা হয়েছে যে টেন্ডার না করে করা হয়েছে। সেই জন্য উত্তর হয়েছে না। সেই দ্বিতীয় উত্তরে বলা হয়েছে, প্রশ্ন ওঠে না। তার মানে এই নয় যে আপনার কিছু ত্রুটি বিচ্যুতি, আমাদের কিছু ত্রুটি বিচ্যুতি আছে।

জলপাইগুঁড়ি অভয়ারণ্যে হাতি, গণ্ডার ও বাঘের সংখ্যা

*৪৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৯।) **শ্রী তারকবন্ধু রায় :** বন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) জলপাইগুঁড়ি জেলার অভয়ারণ্যে বর্তমানে (১) হাতি, (২) গণ্ডার ও (৩) ব্যাঘ্রের সংখ্যা কত ; এবং

(খ) ঐ সংখ্যা বৃদ্ধি করার জন্য সরকারের কি ব্যবস্থা আছে ?

শ্রী অচিন্ত্য কৃষ্ণ রায় :

(ক) ১৯৮৪ সালের গণনা অনুসারে জলপাইগুঁড়ি জেলার অভয়ারণ্যের বর্তমানে ৭টি হাতি, ২৬টি গণ্ডার এবং ১২টি বাঘ আছে।

(খ) বন্যপ্রানীর যথাযথ সংরক্ষণ এবং বংশবৃদ্ধির জন্য বিভিন্ন ব্যবস্থা অবলম্বন করা হয়। যেমন :

(১) বন্যপ্রাণীর বাসোপযোগী পরিবেশ গঠনে সকল প্রকার যত্ন নেওয়া হয়।

(২) অবৈধভাবে বন্যপ্রাণী হত্যা নিবারণের জন্য (ক) বনরক্ষীদের সাহায্যার্থে সশস্ত্র জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনী নিয়োগ করা হয়; (খ) আরক্ষাবাহিনীর কাজের সুবিধার্থে দ্রুত যাতায়াত এবং খবর আদান প্রদানের জন্য রাস্তার উন্নতি, হাতি এবং মোটর যানের ব্যবস্থা এবং বেতার ব্যবস্থা স্থাপন করা হয়েছে। (গ) বনরক্ষীদের সাহায্যার্থে একটি নতুন আরক্ষাবাহিনী গঠন করা হচ্ছে; (ঘ) বিশ্ববন্যপ্রাণী সংস্থা সরকারের সহযোগিতায় গণ্ডার হত্যা সম্বন্ধে সংবাদ প্রদানকারীকে উপযুক্ত পুরস্কার দেওয়ার কথা ঘোষণা করেছেন।

(৩) জলদাপাড়া অভয়ারন্যের অসুস্থ বন্যপ্রাণীর চিকিৎসার জন্য ব্যবস্থা আছে।

শ্রী তারক বন্ধু রায় :- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আইনকে ফাঁকি দিয়ে যারা এই বন্য জন্তু মারছে তিন বছরে এই বন্য জন্তু সংখ্যা কত ? যদি এটা হয়ে থাকে তাহলে তার জন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন ?

শ্রী অচিন্ত্য কৃষ্ণ রায় :- গত তিন বছরের সমস্ত বন্য জন্তুর সংখ্যা দিতে পারবো না আমার কাছে গণ্ডারের সংখ্যা আছে সেটা দিচ্ছি। ১৯৮২ সালে ৫টি, ১৯৮৩ সালে ৫, এবং ১৯৮৪ সালে ৮টি গণ্ডার হত্যা করা হয়েছে। তার মধ্যে কিছু জন্তু-জানোয়ারেরা নিজেদের মধ্যে মারামারি করে মারা গেছে এবং বাকি দুস্কৃতকারীরা হত্যা

করেছে। এই সব দুস্কৃতকারীদের বিরুদ্ধে এফ. আই. আর. করা হচ্ছে, মামলা করা হচ্ছে এবং শাস্তি দেবার ব্যবস্থা করা হচ্ছে। তাদের মধ্যে বেশীর ভাগ পার্শ্ববর্তী দেশ ভূটানে চলে যাচ্ছে।

শ্রী তারক বন্ধু রায় :- আপনি বললেন শাস্তি দেবার ব্যবস্থা করা হয়েছে। আমি জানতে চাই আজ পর্যন্ত কত জনকে শাস্তি দিয়েছেন এবং কি রকম শাস্তি দেওয়া হয়েছে ?

শ্রী অচিন্ত্য কৃষ্ণ রায় :- শাস্তি আর কি দেওয়া হবে ? তাদের বিরুদ্ধে মামলা করা হচ্ছে। ১৯৮২ সালে মামলা করা হয়েছে, সেই মামলার রায় এখনও বেরোচ্ছে না। কিছু কিছু লোককে গ্রেপ্তার করা হয়েছে এবং বেশীর ভাগ লোক ভারতবর্ষের বাইরে অন্য জায়গায় গিয়ে আশ্রয় নিচ্ছে।

শ্রী সত্য পদ ভট্টাচার্য :- আপনি যে হাতির সংখ্যা বললেন—যে পাঁচটি হাতি আমাদের চড়িয়ে জঙ্গল দেখিয়ে বেড়ায় সেই পাঁচটি হাতি ধরে সংখ্যাটা বললেন ?

[1.50 --2.00 p.m.]

শ্রী অচিন্ত্য কৃষ্ণ রায় :- আমি হাতির কথা বলিনি। আমি শুধু গণ্ডার হত্যার কথা বলেছি।

শ্রী সত্যপদ ভট্টাচার্য :- হাতির যে সংখ্যা আপনি বললেন, সেগুলো কি আমাদের জঙ্গলের মধ্যে ঘুরিয়ে নিয়ে বেড়ায় সেগুলো, না বন্য হাতি ?

শ্রী অচিন্ত্য কৃষ্ণ রায় :- জলপাইগুড়ি অভয়রাণ্যে যে হাতিগুলো আছে, আমি সেগুলো নিয়েই বলেছি।

শ্রী কৃপাসিন্ধু সাহা :- মাননীয় মন্ত্রী মহাশয় হাতি, গণ্ডার এবং বাঘের যে সংখ্যা হিসাব দিলেন, এগুলো নির্ণয় করার পদ্ধতি কি ?

শ্রী অচিন্ত্য কৃষ্ণ রায় :- ১৯৮৪ সালে একবার সুমারী হয়েছিল। এগুলো গণনা করার ব্যাপারে যে বৈজ্ঞানিক পদ্ধতি আছে, সেই পদ্ধতি অনুযায়ীই গণণা করা হয়। পায়ের চিহ্ন দেখে গণনা করাই হচ্ছে সেই পদ্ধতি।

শ্রী কাশীনাথ মিশ্র :- মাননীয় মন্ত্রী মহাশয় হাতি এবং গণ্ডারের যে সংখ্যার কথা বললেন, সেগুলোর মধ্যে কতগুলো স্ত্রী এবং পুরুষ তা বলতে পারবেন কি ?

শ্রী অচিন্ত্য কৃষ্ণ রায় :- যেহেতু গণ্ডারের সংখ্যা এদের মধ্যে কম, সেজন্য এটায় হিসাব আমি কেবল দিতে পারি। অন্য প্রাণীর কোন হিসাব আমি দিতে পারব না। ১৯৮৪ সালের সুমারী অনুসারে যে গণনা হয়েছিল, তাতে পূর্ণ বয়স্ক গণ্ডার ছিল পুরুষ ৫টি, স্ত্রী ৯টি, স্ত্রী বা পুরুষ নির্ণয় করা যায় নি তার সংখ্যা ছিল ৩টি অপরিণত বয়স্ক ছিল ১টি এবং শিশু গণ্ডারের সংখ্যা ছিল ৫টি।

শ্রী দেবসরণ ঘোষ :- মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, গণ্ডারা নিজেদের মধ্যে মারামারি করে কিছু মারা গেছে, তার সংখ্যা ৫। আমরা জানতাম কংগ্রেসীরা নিজেদের মধ্যে মারামারি করে মারা যায়। আপনি কি বলতে পারবেন, এই মারা যাওয়া গণ্ডারগুলো কংগ্রেসের কিনা?

মিঃ স্পীকার : এ প্রশ্ন ওঠে না।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :- জলপাইগুড়ি অভয়রাণ্যে সীমান্ত রাজ্যে বাঘের সুমারীর জন্য কোন ব্যবস্থা করছেন কি , এবং এই সাথে সাথে প্রশ্ন করি যে, বাঘের সুমারীর জন্য দায়িত্বশীল বিরোধী পক্ষ হিসাবে কংগ্রেস পক্ষকে দায়িত্ব দেবেন কি?

শ্রী অচিন্ত্য কৃষ্ণ রায় :- আমি আপনার দ্বিতীয় প্রশ্নের উত্তর দিচ্ছি না. প্রথম প্রশ্নের উত্তরে আমি জানাই যে, শুধুমাত্র পশ্চিমবাংলায় সুমারীর কথা আমি আপাততঃ বলেছি। তাতে দেখা যায় বাঘের সংখ্যা ৩৫২ এবং চিতা বাঘের সংখ্যা ১১২।

Dr. Zainal Abedin : Will the Hon'ble Minister-in-charge of Forest be pleased to state as to the measures taken by the Government to preserve these rare species which are being threatened by indiscriminate poachers ?

শ্রী অচিন্ত্য কৃষ্ণ রায় :- আমি মাননীয় সদস্যদের প্রশ্নের উত্তর সবটাই দিয়েছি। তবে আর একবার

বিশেষ অংশ থেকে বলছি। বনরক্ষীদের সাহায্যার্থে সশস্ত্র জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনী নিয়োগ করা হয়। এছাড়া তাদের সাহায্যার্থে একটি নতুন আরক্ষা বাহিনী গঠন করা হচ্ছে। আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য সরকার সব সময়েই সচেষ্ট আছেন।

Unutilization of funds granted by Khadi and village Industries Commission

*442. (Admitted question No. *747.) **Shri Abdul Mannan** : Will the Minister-in-charge of the Cottage and small Scale Industries Department be pleased to state -

(a) Whether it is a fact that during the period between 1977-78 to 1983-84 some of the amounts received as financial assistance from the Khadi and Village Industries Commisson for development of Khadi and Village industries in West Bengal has been refunded to the Commission by the West Bengal Khadi and Village Industries Board without utilisation; and

(b) if so, -

(i) The total amount so refunded by the West Bengal Khadi and Village Industries Board to the Commission during the above period, and

(ii) The reason why the assistance could not be utilised by the Board during the stipulated period ?

Shri Pralay Talukdar : a) Yes.

b) Rs. 60.54 lakhs were refunded to KVIC against the receipts during the period from 1977-78 to 1983-84.

The Board sanctioned the entire amounts received against allotments from the KVIC during the period from 1977-78 to 1983-84 to its implementing agencies. But a pertion of the amount so sanctioned, could not be released to the beneficiaries as they could not complete the necessary documentation as per standing pattern of assatance.

শ্রী কাশীনাথ মিশ্র :- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই স্কীমে যে টাকা বরাদ্দ করা ছিল কি কি কারণে সেই টাকা ফেরৎ গেল ?

শ্রী প্রলয় তালুকদার :- মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি খাদিতে ২২টি স্কীম আছে তারমধ্যে বেশ কিছু ইণ্ডিভিজুয়াল স্কীম এবং ইণ্ডিভিজুয়াল ফাইনান্স স্কীম আছে। আপনি যদি নোটিশ দেন তাহলে কি কি স্কীমের টাকা ফেরৎ গেল এবং কাদের কাদের টাকা ফেরৎ গেছে তার উত্তর দেওয়া আমার পক্ষে সুবিধা হবে। ফেরৎ দেওয়ার কারণ আগেও বলেছি যে বেনিফিশিয়ার দেওয়ার জন্য যে সিলেক্ট করা হয়েছিল তাদের নেসেসারি ডকুমেন্ট দিতে বলা হয়েছিল কিন্তু কেউ কেউ ডকুমেন্ট দিতে পারে নি আমরা বিনা ডকুমেন্ট ছাড়া টাকা দিতে পারি না, টাকা আমরা ইচ্ছামত নষ্ট করতে পারি না। ডকুমেন্টের কতগুলি নিয়ম আছে।

Equitable market covering the entire capatil expenditure loan sanctioned or 3rd party simple market or bank guarantee or cash security covering the entire capital expenditure loan.

Original title deed for the immovable properties of the institution

Blue-print of immovable properties (building etc)

Current rent receipts and records of rights relating to immoveable properties to be mortgaged in favour of the Board.

Non-encumbarnce certificates along with proof of the title search for 12 years in respect of properties to be mortgaged should be obtained from Government pleader Panel lawyer in the case where the loan amount exceed Rs. 5,000/- where the loan

amount does not exceed Rs. 5,000/- such certificates from the practicising lawyer should be obtained.

এই হচ্ছে স্যাংসান প্যাটার্ন, এই পার্টান দিতে না পারলে আমরা টাকা দিতে পারি না, তবে আমরা এই বিষয়ে আলোচনা করছি, লোন প্যাটার্নকে যাতে কার্য্যকরী করা যায় তারজন্য আমি বম্বে গিয়েছিলাম এবং আবার বম্বে যাবো এই ব্যাপারে কথাবার্তা বলবার জন্য।

শ্রী জ্ঞানসিং সোহনপাল :-

Will the Hon'ble Minister be pleased to state the amount received as financial assistance from Khadi and Village Industries Commission for development of Khadi and Village Industries in West Bengal during the year 1977 to 1984 - the amount utilised and the amount not spent ?

শ্রী প্রলয় তালুকদার :- আমরা ৬০.৫৪ লক্ষ টাকা খরচ করতে পারিনি। কারণ আমাদের কাছে নেশেশারি ডকুমেন্ট ছিল না, নেশেশারি ডকুমেন্ট পার্টি যদি দেখাতে পারতো তাহলে বেনিফিশারি হিসাবে আমরা টাকা দিতে পারতাম। কিন্তু কত টাকা দিতাম সেটা আপনি নোটিশ দিন তাহলে রেকর্ড দেখে বলে দেবো।

শ্রী তারাপদ সাধু খাঁন : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, খাদি গ্রামোদ্যোগের মাধ্যমে বায়ো গ্যাস প্ল্যান্ট এসেছে কিনা এবং এসে থাকলে তারজন্য কত খরচ করেছেন ?

শ্রী প্রলয় তালুকদার : বায়ো গ্যাস পশ্চিমবঙ্গে কার্য্যকরী হয়েছে তবে খাদি বোর্ডের মাধ্যমে কার্য্যকরী করা হয়নি, গভর্ণমেন্ট অফ ইন্ডিয়ার সঙ্গে আলোচনা হয়ে ঠিক হয়েছে ৬টি জেলায় ডিষ্ট্রিক্ট ইনডাষ্ট্রিয়াল সেন্টারের অধীন বায়ো গ্যাস হবে এবং খাদি কমিশনের অধীনে ৩টি বায়ো গ্যাস প্ল্যান্ট বসবে।

ডাঃ জয়নাল আবেদিন :

Will the Hon'ble Minister-in-charge of Cottage and Small-scale Industries Deptt be pleased to state whether he is contemplating to set up special promotional agency or consultancy services to be rendered to the unemployment to bring them under employment under Khadi and Village Industries Scheme in view of the huge unemployment and disguised unemployment here in the State ?

শ্রী প্রলয় তালুকদার : খাদি প্রোগ্রাম কে যাতে স্বনির্ভর এবং স্বয়ং সম্পর্ণ করতে পারি তারজন্য আমরা চেষ্টা করছি, এরজন্য খাদি বোর্ডে স্টাফ প্যাটার্ন করে ট্রেনদেন করার চেষ্টা করছি, এবং অর্থ দপ্তর খাদি বোর্ডের ১৩টি পোস্ট স্যাংসান করেছে যাতে খাদি প্রোগ্রামে ক্ষেত্রে এমপ্লয়মেন্ট আরো শক্তিশালী করতে পারি।

আমি উত্তরে বলেছিলাম খাদি স্কীমে যে লোন এ্যাসিসটেন্স দেওয়ার ব্যাপার আছে সেখানে অনেকগুলি ডকুমেনটেশানের ব্যাপার আছে বলে সরলীকরণ করার জন্য আলোচনা করছি। আমি আশা করছি আগামী মাস তিনেকের মধ্যে এমপ্লয়মেন্ট জেনারেশান করা একটা কার্যকরী ব্যবস্থা করতে পারব।

Started Question

(to which answer were laid on the Table)

সুন্দরবন এলাকায় ফসল

*৪৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮০।) **শ্রী বামাপদ মুখার্জী : উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা)** বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি —

(ক) সুন্দরবন এলাকায় আজ পর্যন্ত কত পরিমান জমিতে নূতনভাবে ফসল ফলানোর চেষ্টা হয়েছে ;

(খ) কি পরিমান এবং কি কি ফসল উৎপাদন হয় ; এবং

(গ) এই সমস্ত এলাকার গ্রামবাসীদের জন্য মিষ্টি জল সরবরাহ কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

(ক) সুন্দরবন এলাকায় সুন্দরবন উন্নয়ন পর্যদের মাধ্যমে আজ পর্যন্ত মোট ১, ১৯, ৬৬০ একর জমিতে রবি মরশুমে চাষের ব্যবস্থা করা হয়েছে।

(খ) সুন্দরবন উন্নয়ন পর্যদের কৃষি কর্মসূচির মাধ্যমে আজ পর্যন্ত আনুমানিক ১৪৪৯ লক্ষ টাকা মূল্যের ফসল উৎপাদিত হয়েছে।

রবি মরশুমে এই এলাকায় লঙ্কা, তরমুজ, সূর্যমুখী, মুগ, ঢেঁড়স, তিল, গম, আলু, বাদাম ও অন্যান্য গ্রীষ্মকালীন সব্জি উৎপাদিত হয়ে থাকে।

(গ) সুন্দরবন এলাকার অধিবাসীদের জন্য পানীয় জল সরবরাহের কোন ব্যবস্থা সুন্দরবন উন্নয়ন পর্যদের নিয়মিত কর্মসূচীর মধ্যে পড়ে না। জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং ও জেলা পরিষদ এই ব্যাপারে যাবতীয় কাজ করে থাকে।

Steps to acquire land for Mejhia Thermal Power Project

*444 ... (Admitted question No. *912.) **Shri Somendra Nath Mitra** : Will the Minister-in-charge of the Land and Land Reforms Department be pleased to state -

(a) Whether the State Government has taken steps to acquire land for the Rs. 567 Crores Mejhis 3x210MW. Thermal Power Project, which has been cleared by the Central Electricity Authority (CEA) in April 1982; and

(b) if so, what progress has been achieved in the matter so far ?

Minister-in-charge of Land and Land Reforms Depertment

(a) & (b)

The proposal for acquisition of 2624.76 across of land from the D.V.C. was received only in December, 1984. Thereafter we asked the D.V.C. if they were agreeable to the acquiation of the Rayati lands before a decision was taken about the peripheral forest lands, which is roughly about 50% of the total lands and for which the clearance of the Central Government would be required under the Forest (Conservation) Act, 1980. Further action will be taken after D.V.C. 's reply is received.

শিল্প বন্ধু সংস্থা

*৪৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৬।) **শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্য সরকারের উদ্যোগে শিল্প বন্ধু নামে কোন সংস্থা গঠন করা হয়েছে কিনা; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, উক্ত সংস্থার কাজ কি ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

(ক) হ্যাঁ

(খ) 'শিল্প বন্ধু'র কাজ নিম্নরূপ :-

(১) শিল্প স্থাপনে আগ্রহী ব্যক্তিদের লাইসেন্স, রেজিস্ট্রেশন, জমি, অর্থ সাহায্য, জল, বিদ্যুৎ, কাঁচামাল ইত্যাদি সরবরাহ সম্পর্কে যাবতীয় তথ্য দেওয়া।

(২) বিভিন্ন দপ্তর। সংস্থার প্রয়োজনীয় দরখাস্ত পেশ করার জন্য আগ্রহী ব্যক্তিদের সহায়তা করা।

(৩) ঐ সব দরখাস্ত অনুসারে যত-শীঘ্রসম্ভব বিভিন্ন প্রকার মজুরী আদায় করা।

(৪) শিল্প প্রকল্প রূপায়নের জন্য বিভাগীয় সচিবদের লইয়া গঠিত উচ্চক্ষমতা সম্পন্ন কমিটির কাছে প্রয়োজন অনুযায়ী কার্যাবলী সম্পর্কে বিবরণ দিয়ে সমস্যা সমাধানের নির্দেশ গ্রহণ করা।

সিনেমা হলগুলিতে বাধ্যতামূলক বাংলা চলচ্চিত্র প্রদর্শন

*৪৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭০।) **শ্রী অশোক ঘোষ :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের সিনেমা হলগুলিতে বাধ্যতামূলক বাংলা চলচ্চিত্র দেখানোর কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

পশ্চিমবঙ্গে নির্মিত চলচ্চিত্রগুলিকে বছরে ন্যূনতম কয়েকটি সপ্তাহ বাধ্যতামূলক প্রদর্শনের উদ্দেশ্যে একটি বিল বিগত ৭৯ সালে সংবিধানের বিধি অনুযায়ী রাষ্ট্রপতির আগাম অনুমোদনের জন্য পাঠানো হয়েছিল - সেটির অনুমোদন বা প্রত্যাখান এখনও চূড়ান্ত হয় নি।

বাস্তহীনকে বাস্তু বিতরণ

*৪৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০০।) **শ্রী বিভূতিভূষণ দে :** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি, ১৯৭৭ সালের জুন মাস হতে ১৯৮৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে মোট কত জন বাস্তহীনকে বাস্তু জমি দেওয়া হয়েছে ?

Ministers in charge of the Land and Land Reforms Deptt.

West Bengal Acquisition of Homestead land for Agriculture Labourers, Artisans and Fisherman Act, 1975 - অনুযায়ী ৩১.১২.৮৪ পর্যন্ত মোট ১.৯১.৩২৫ জন ভূমিহীনকে বাস্তুভিটা [illegible] দেয়া হয়েছে।

এ ছাড়া রাজ্য সরকারের সমষ্টি উন্নয়ন দপ্তরের মাধ্যমেও বাস্তু জমি গৃহহীনদের বন্টন করা চলছে। এ বিষয় বিশদ তথ্য জেলা শাসকদের কাছে উক্ত দপ্তর চেয়েছেন।

Taken over Industrial Units

*448. (Admitted question No. *1072.) **Shri Satya Ranjan Bapuli :** Will the Minister-in-charge of the Industrial Reconstruction Department be pleased to state -

(a) The number of industrial units in West Bengal the management of which has been taken over by the Central Government under the Industrial (Development and Regulation) Act, 1951 and for which the State Government has been appointed as Authorised Controller by the Centre ;

(b) What were the variations in the operational and financial performances of these units during the period between 1978-84;

(c) The steps taken by the State Government as Authorised Controller to make these units economically viable and with what results during the above period; and

(d) Whether there is any reduction in the total number of persons now employed in these units as compared to the number of persons employed as on 31st March1979 ?

Minister-in-charge of Industrial reconstraction Department

(a) Thirteen, out of which three units have since been nationalised.

(b)

	1979	1983
Production	556.88 Lakhs	1918.31 Lakhs
Loss	171.14 Lakhs	446.34 Lakhs

Figures for 1984 are being audited.

(c) State Govt. as Authorised Controller has taken all financial liabilities in running the units by providing working capital and extending guarantee for providing cash credit facilities by banks and Financial Institution. The units cannot, however, be made viable without implemention an appropriae programme for modernisation, diversification and technology upgradation. The Financial Institutions are hesitant to come forward on the plea that the status of these units are uncertain. With a view to change the status of these units, State Govt. decided to nationalise the units in phases. Already three units have been nationalised and two of them have attained viability. The revised policy of Govt. of India for assumption of pre-take over liabilities of Banks and Financial Institution along with interest has caused a serious set back to the policy of nationalisation of these unite.This matter has been taken up with Govt. of India for a review of this policy.

(d) No.

পর্যটন সপ্তাহ পালন করুন

*৪৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬২৭।) **শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** পর্যটন বিভাগের মন্ত্রি মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ১৯৮৫ সালের ফেব্রুয়ারী মাসে কোচবিহার জেলায় পর্যটন সপ্তাহ পালনের জন্য কত অর্থ ব্যয় হইয়াছে ; এবং

(খ) অনুরূপ পর্যটন সপ্তাহ অন্যান্য জেলায় পালন করা হইয়াছে কি ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

(ক) ১৯৮৫ সালের ফেব্রুয়ারী মাসে কোচবিহার জেলায় পর্যটন সপ্তাহ পালনের জন্য পর্যটন বিভাগ কর্তৃক ১০,০০০ (দশ হাজার) টাকা বরাদ্দ করা হইয়াছে;

(খ) হ্যাঁ।

বীরভূম জেলার মুরারাই-মহেশপুর রাস্তার উভয় পাশের সরকারী জায়গাগুলি বিক্রয় / বন্দোবস্ত

*৪৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩০৮।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার মুরারই-মহেশপুর রাস্তার দুপাশের সরকারী জায়গাগুলি বীরভূম জেলা পরিষদ বিক্রয়/বন্দোবস্ত করার জন্য বিভিন্ন ব্যক্তির নিকট হতে অগ্রিম টাকা নিয়েছেন ;

(খ) সত্য হলে, কোন তারিখ থেকে কোন তারিখ পর্যন্ত কতজনের কাছ থেকে কত টাকা [illegible] নিয়েছেন; এবং

(গ) উল্লিখিত জায়গা বিক্রয়; বন্দোবস্তের ব্যাপারে সরকারের অনুমোদন আছে কি ?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

(ক) আলোচ্য জমিগুলি সরকারি জমি নয়। কারণ সেটলমেন্ট রেকর্ড (রেকর্ড অফ রাইট) অনুযায়ী জায়গাগুলি জেলা পরিষদের সম্পত্তি তবে ইহা সত্য যে, সরকারের অনুমোদন সাপেক্ষে উক্ত জমিগুলি বিক্রয়ের উদ্দেশ্যে বীরভূম জিলা পরিষদ বিভিন্ন ব্যক্তির নিকট থেকে অগ্রিম টাকা নিয়েছেন।

(খ) ৮.৬.৮২ থেকে ৩.৮.৮৩ তারিখের মধ্যে ১৯জনের কাছ থেকে মোট টাঃ ৯৪, ৬৬৮ (চুরানব্বই হাজার ছয়শত আটষট্টি টাকা) ৭৫ (পচাত্তর পয়সা)।

(গ) বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন রয়েছে।

নিম্ন দামোদর সংস্কার

*৪৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯০।) **শ্রী রবীন্দ্র ঘোষ :** গত ১৯-৯-১৯৮৪ তারিখের প্রশ্ন নং *৬৪ (অনুমোদিত প্রশ্ন নং *১১৩) -এর উত্তর উল্লেখপূর্বক সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) নিম্ন দামোদর সংস্কারের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ;

(খ) উক্ত পরিকল্পনায় এ পর্যন্ত কোন অর্থ মঞ্জুর করা হইয়াছে কিনা; এবং

(গ) হইলে, তাহার পরিমাণ কত ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

(ক) গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশন সংশোধিত নিম্ন দামোদর প্রকল্পটি (estimated cost Rs. 1440 Lakhs) অনুমোদন করেছে। উক্ত কমিশন প্রকল্পটি ১৪ই ফেব্রুয়ারী ১৯৮৫ তারিখে যোজনা কমিশনের অনুমোদনের জন্য পাঠিয়েছে।

(খ) হ্যাঁ।

(গ) ১৯৮৫ ৮৬ সালের জন্য প্রস্তাবিত ব্যয়-বরাদ্দ ২০ লক্ষ টাকা ধরা হয়েছে।

Incentives for the growth of Industries

*452. (Admitted question No. *1325.) **Shri Tarapada Sadhukhan and Shri Abdul Mannan :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state-

(a) Whether it is fact that the provisions in the State's Annual Plan Outlays for the first four years of the Sixth Five-Year Plan period mean for providing incentives for catalysing the growth of industries in West Bengal were not fully utilised: and

(b) if so, -

(i) What was the actual utilisation as compared to the provisions, and

(ii) the reasons why the provisions could not be fully utilised during the stipulated period ?

Minister-in-charge of Commerce and Industries Department

(a) Yes.

(b) (i) Against the total budget provisions of Rs. 2587.50 lakhs for the period from 1980-81 to 1983-84 a sum of Rs. 2184.61 lakhs being

85% of the plan provisions was utilised.

(ii) Due to economy measure full provisions for the year 1982-83 and 1983-84 could not be released.

সাঁইথিয়া শহরে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট স্থাপন

*৪৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬৫।) **শ্রী ধীরেন্দ্র নাথ সেন :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা সত্য যে, বীরভূম জেলার সাঁইথিয়া শহরে "ইন্ডাস্ট্রিয়াল এস্টেট" স্থাপনের পরিকল্পনা লওয়া হইয়াছিল ; এবং

(খ) সত্য হইলে —

(১) উক্ত পরিকল্পনা বর্তমানে কোন পর্যায়ে আছে, ও

(২) উক্ত পরিকল্পনার কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

(ক) হ্যাঁ।

(খ) (১) উপযুক্ত জমি না পাওয়ায় উক্ত পরিকল্পনা এখনও বাস্তবে রূপায়িত করা সম্ভব হয় নাই।

(২) উপযুক্ত জমি পাওয়া গেলে সপ্তম পঞ্চবার্ষিকী যোজনায় পরিকল্পনাটি রূপায়িত হওয়ার আশা আছে।

বারাসাতের রবীন্দ্র ভবন সংস্কার

*৪৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪৫।) **শ্রী সরল দেব :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় গত ৪-৪-১৯৮৪ তারিখের প্রশ্ন নং *৪৯০ (অনুমোদিত প্রশ্ন নং *২৪০১) -এর উত্তর উল্লেখপূর্বক জানাইবেন কি —

(ক) বারাসত রবীন্দ্র ভবনের বর্তমান অবস্থা সম্পর্কে সরকার অবগত আছেন কি ; এবং

(খ) থাকিলে, উক্ত ভবনটির সংস্কারের কোন পরিকল্পনা আছে কি ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

(ক) হ্যাঁ।

(খ) সরকারের নিজস্ব কোন পরিকল্পনা নেই। বেসরকারী উদ্যোগে নির্মিয়মান রবীন্দ্রভবন সম্পূর্ণ করার ক্ষেত্রে সরকার সাধ্যমত আর্থিক সহযোগিতা করে থাকে।

সুন্দরবনের ঝড়খালিতে নরখাদক বাঘের মৃত্যু

*৪৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০৭।) **শ্রী সুভাষ নস্কর :** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি সুন্দরবনের ঝড়খালিতে বিষ প্রয়োগ একটি নরখাদক বাঘের মৃত্যু ঘটেছে; এবং

(খ) সত্য হ'লে উক্ত ঘটনায় জড়িত দুষ্কৃতকারীদের নাম কি ?

বন বিভাগের বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

(ক) একটি বাঘের মৃত্যু ঘটেছে। কিন্তু মৃত্যুর কারণ সঠিক জানা যায় নি।

(খ) সঠিক জানা সম্ভব হয়নি।

পঞ্চায়েতে নজরদারী ব্যবস্থা

*৪৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৮।) **শ্রী শিবপ্রসাদ মালিক :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের

মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, পঞ্চায়েতে দুর্নীতি রোধ করতে ও পঞ্চায়েতের বিভিন্ন স্কীমগুলি সরেজমিন তদন্ত করার কোন নজরদারী ব্যবস্থা আছে কিনা ?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

হ্যাঁ।

রুগ্ন কারখানা জাতীয়করণ

*৪৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৬।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** শিল্প পুর্নগঠন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, এই রাজ্যের কিছু রুগ্ন কারখানা জাতীয়করণের বিষয়ে কেন্দ্রীয় সরকারের সাথে আলাপ-আলোচনা চলিতেছে; এবং

(খ) "(ক)" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে কোন্ কোন্ কারখানা সম্পর্কে এই আলোচনা চলিতেছে ?

শিল্প পুর্নগঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

(ক) হ্যাঁ।

(খ) কেন্দ্রীয় সরকার কর্তৃক অধিগৃহীত ১টি রুগ্ন শিল্পের ভারপ্রাপ্ত নিম্ন এক রাজ্য সরকার ও তার দুইটি সংস্থা এই ১টি সংস্থার জাতীয়করণ সম্পর্কে সরকারের সাথে আলাপ আলোচনা চলিতেছে।

সংস্থাগুলি হল ঃ-

(১) কৃষ্ণা সিলিকেট এন্ড গ্লাস ওয়ার্কস।

(২) ইণ্ডিয়া বেল্ডিং এন্ড কটন মিলস্।

(৩) গ্লুকোনেট লিমিটেড।

(৪) এঞ্জেল ইণ্ডিয়া মেশিনাস্ এন্ড টুলস্ লিমিটেড।

(৫) ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং কোঃ লিমিটেড।

(৬) অলোক উদ্যোগ বনস্পতি এন্ড প্লাইউড লিঃ।

(৭) ডড্টর পল লোম্যান লিমিটেড।

(৮) লিলি বিস্কুট কোং লিঃ এন্ড লিলি বার্লি মিলস্ লিমিটেড।

(৯) এপোলো জিপার কোং লিমিটেড।

(১০) ইণ্ডিয়ান হেলথ ইনস্টিটিউট এন্ড ল্যাবোরেট লিমিটেড।

এছাড়া কতিপয় শিল্প সংস্থা কেন্দ্রীয় সরকার কর্তৃক জাতীয়করনের জন্য অনুরোধ করা হইয়াছে।

সংস্থাগুলির নাম ঃ-

(১) ন্যাশানাল ট্যানারি কোং লিঃ।

(২) হিন্দুস্থান পিলকিং টন গ্লাস ওয়ার্কস লিঃ।

(৩) কার্টার পুলার এন্ড কোং লিঃ।

(৪) ক্রেস্টুফোর্ড ইলেকট্রিকাল লিমিটেড।

(৫) বেঙ্গল পটারীশ লিঃ।

(৬) শ্রী দুর্গা কটন স্পিনিং এন্ড উইভিং মিল।

(৭) ইণ্ডিয়া মেশিনারী লিমিটেড।

(৮) ভারত জুট মিলস্ লিমিটেড।

নদীয়া জেলার তারকদাসপুর হইতে ঝাউতলা পর্যন্ত রাস্তা নির্মাণ

*৪৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৫।) **শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর-১ পঞ্চায়েত সমিতির এলাকাভুক্ত ভাণ্ডার খোলা গ্রাম পঞ্চায়েতের তারকদাসপুর হইতে পোড়াগাছা গ্রাম পঞ্চায়েতের ঝাউতলা (ভায়া পূর্ব ভাতজংলা) পর্যন্ত রাস্তাটি নির্মাণের কোন পরিকল্পনা মঞ্জুর হইয়াছে কিনা;

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে উক্ত রাস্তা নির্মাণ বাবত এ পর্যন্ত কত টাকা মঞ্জুর হইয়াছে ,

(গ) উক্ত রাস্তার দৈর্ঘ্য ও প্রস্থ কত হইবে ?

(ঘ) উক্ত রাস্তার কাজ কি প্রকার (অর্থাৎ পাকা বা মোরাম) হইবে ,

(ঙ) উক্ত কাজের দায়িত্ব কোন সংস্থা/প্রতিষ্ঠানের উপর ন্যস্ত করা হইয়াছে; এবং

(চ) উক্ত কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

(ক) হ্যাঁ।

(খ) ৬.৬৪ লক্ষ টাকা।

(গ) দৈর্ঘ্য ৬ কি.মি. ও প্রস্থ ৬ মিটার।

(ঘ) পাকা (খোয়া বাঁধানো)।

(ঙ) কৃষ্ণনগর ১নং পঞ্চায়েত সমিতি।

(চ) যত শীঘ্র সম্ভব কাজ আরম্ভ হইবে।

বাঁকুড়া জেলার সর মৌজায় 'গোমেদ' পাথরের সন্ধান

*৪৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩২।) **শ্রী উপেন্দ্র কিসকু ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার রাইপুর থানার অন্তর্গত সর মৌজায় গোমেদ পাথরের সন্ধান পাওয়া গিয়াছে;

(খ) সত্য হইলে উক্ত গোমেদ-এর মজুত ভান্ডারের অনুমোদিত মূল্য কত এবং ;

(গ) উক্ত গোমেদ উত্তোলনের ব্যাপারে রাজ্য সরকার কোন চিন্তা-ভাবনা করছেন কিনা ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

নদীয়া জেলার বগুলার হাট ও বাজারের খাজনা

*৪৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৩।) **শ্রী সতীশচন্দ্র বিশ্বাস ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) নদীয়া জেলা অন্তর্ভুক্ত হাঁসখালি থানার অধীন বগুলার হাট ও [illegible] দায়িত্ব কোন্ সাল হইতে পঞ্চায়েত সমিতি নিজের দায়িত্বে [illegible]

(খ) দায়িত্ব গ্রহণের পর হইতে ১৯৮৩ সাল পর্যন্ত উক্ত হাটের খাজনা বাবত কি পরিমাণ অর্থ আদায় হয়েছে ; এবং

(গ) ১৯৮৪ সালে উক্ত বাবদ মোট কত টাকা আদায় হয়েছে ?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

(ক) ১৯৮১ সাল হইতে।

(খ) ১৯৮৩ সালের নভেম্বর পর্যন্ত মোট টা. ৩৩, ৯৯৮.১১ (তেত্রিশ হাজার নয়শত আটানব্বই টাকা এগার পয়সা) আদায় হয়েছে।

(গ) আদায়কৃত খাজনা পঞ্চায়েত সমিতিতে জমা না পড়ায় ১৯৮৪ সালে কত টাকা পাওয়া গিয়াছে তাহা বলা সম্ভবপর নয়।

পশ্চিম দিনাজপুর জেলার করণদিঘী থানার পীতানু নদীর উপর ব্রীজ নির্মাণ

*৪৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯২।) **শ্রী সুরেশ সিংহ ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিম দিনাজপুর জেলা পরিষদ কর্তৃক করণদীঘি থানায় পীতানু নদীর উপর (পীচামারী গ্রাম) একটি ব্রীজ নির্মাণের কাজ কবে সুরু হয়েছে ;

(খ) (১) বর্তমানে এই ব্রীজ নির্মাণের কাজ স্থগিত আছে কিনা; (২) থাকলে, তার কারণ কি ;

(গ) এই ব্রীজ নির্মাণে আনুমানিক কত ব্যয় ধার্য করা হয়েছে; এবং

(ঘ) এই ব্রীজ নির্মাণের কাজ কবে নাগাত শেষ হবে বলে আশা করা যায় ?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

(ক) নভেম্বর ১৯৮২ ;

(খ) (১) না ;

(২) প্রশ্ন ওঠে না।

(গ) ৮ লক্ষ টাকা।

(ঘ) এখনই বলা সম্ভব নয়।

মেদিনীপুর জেলায় আই আর ডি পি

*৪৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১১২১।) **শ্রী প্রবোধ চন্দ্র সিংহ ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৪ সালে আই আর ডি পি-র মাধ্যমে মেদিনীপুর জেলায় মোট কতগুলি পরিবারকে সাহার্য্য দেওয়া হয়েছে;

(খ) উক্ত সময়ে এই প্রকল্প রূপায়ণে লক্ষ্যমাত্রা পূরণ হয়েছে কিনা; এবং

(গ) না হলে, তার কারণ কি?

উন্নয়ন ও পরিকল্পনা (সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

(ক) ১৯৮৪ সালে আই. আর. ডি. পি. -র মাধ্যমে মেদিনীপুর জেলায় মোট ২৬০৭৯ টি পরিবারকে সাহায্য দেওয়া হয়েছে।

(খ) ও (গ) আই . আর. ডি. পি.-র লক্ষ্য মাত্রা আর্থিক বৎসর অনুযায়ী ধার্য হয় ক্যালেন্ডার বৎসর অনুযায়ী নয়। আগে দেওয়া ক্যালেন্ডার বৎসর ভিত্তিক তথ্যের বিচারে এ প্রশ্ন ওঠে না।

গ্রাম পঞ্চায়েত সদস্য ও সেক্রেটারীর শূন্য পদ

***৪৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪৪।) শ্রী ব্রজগোপাল নিয়োগী :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বর্তমানে হুগলী জেলায় কতগুলি গ্রাম পঞ্চায়েতে সদস্যদের পদ ও সেক্রেটারীর পদ খালি আছে;

(খ) উক্ত পদগুলি পূরণের কোন ব্যবস্থা নেওয়া হইতেছে কি; এবং

(গ) হইলে, কবে নাগাত উক্ত শূণ্য পদগুলি পূরণ হইবে বলিয়া আশা করা যায় ?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

(ক) শুন্য পদের বিবরণ নিম্নরূপ :-

গ্রাম পঞ্চায়েত সদস্য পদ - ২ (দুই)

গ্রাম পঞ্চায়েত সচিব পদ - ৫ (পাঁচ)

(খ) গ্রাম পঞ্চায়েত সদস্য পদ দুইটি পূরণের ব্যাপরে এখনও পর্য্যন্ত কোন সিদ্ধান্ত নেওয়া হয়নি। তবে সচিব পদ ১টি ব্যতীত অন্য ৪টি পদ পূরণের জন্য ইতিমধ্যেই ব্যবস্থা নেওয়া হয়েছে।

(গ) আশা করা যায় ৪টি সচিব পদ খুব শীঘ্রই পূরণ করা যাবে। অবশিষ্ট ১টি পদ পূরণের ব্যাপারে মহাধর্ম্মাধিকরণে মোকর্দ্দমা থাকায় উক্ত পদ পূরণে কিছু বিলম্ব ঘটতে পারে। তবে গ্রাম পঞ্চায়েত সদস্যপদ দুইটি পূরণের বিষয়ে এখনই নিশ্চিতভাবে কিছু বলা সম্ভব নয়। সাধারনতঃ গ্রাম পঞ্চায়েত সহ অন্যান্য স্তরে সদস্য দের শুণ্যপদ একই সময়ে পূরণের জন্য মাঝে মাঝে উপনির্বাচনের ব্যবস্থা করা হয়। পরবর্তী উপনির্বাচনের জন্য এখন পর্যন্ত সরকারী সিদ্ধান্ত নেওয়া হয় নি। এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হবার পর যথাসময়ে উপনির্ব্বাচনের মাধ্যমে শূন্য পদগুলি পূরণের ব্যবস্থা করা হবে।

ডায়মন্ডহারবার রোড ও বাইপাস সম্প্রসারণের জন্য অধিগৃহীত জমির ক্ষতিপূরণ

***৪৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩৩।) শ্রী নিরঞ্জন মুখার্জী :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বেহালা থানার অন্তর্গত ডায়মন্ডহারবার রোড ও ডায়মন্ডহারবার বাইপাস সম্প্রসারণের জন্য যেসমস্ত জমি সরকার কর্তৃক গৃহীত হয়েছে সেই সমস্ত জমির ক্ষতিপূরণ জমির মালিককে দেওয়া হয়েছে কিনা :

(খ) হলে, উক্ত ক্ষতিপূরণ কতজনকে দেওয়া হয়েছে ;

(গ) এ পর্যন্ত কতজনকে উক্ত ক্ষতিপূরণ দেওয়া সম্ভব হয় নি; এবং

(ঘ) উক্ত ক্ষতিপূরণ কবে নাগাত দেওয়া হবে বলে আশা করা যায় ?

ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

(ক) অধিকাংশ ক্ষেত্রে দেওয়া হয়েছে।

(খ) ডায়মন্ডহারবার রোড প্রকল্পের ক্ষেত্রে ২২০০ জনকে এবং ডায়মন্ডহারবার বাইপাশ প্রকল্পের ক্ষেত্রে ১০০ জনকে।

(গ) ডায়মন্ডহারবার রোড প্রকল্পের ক্ষেত্রে ৫০০ জনকে। ডায়মন্ডহারবার বাইপাশ প্রকল্পের ক্ষেত্রে কালেকটরের এ্যাওয়ার্ড নিস্পত্তি না হওয়ায় কোন সংখ্যা এখনই বলা সম্ভব নয়।

(ঘ) এই বৎসরের মধ্যেই সম্ভব হবে বলে আশা করা যায়।

Progress of I.R.D.P.

***465.(Admitted question No. *1734.) Shri Kamal Sarkar :** Will the Minister-in-charge of the Development and Planning (Integrated Rural Development Programme) Department be pleased to state -

(a) the progress of IRDP in physical and financial terms since its inception; and

(b) the particulars of durable assets created through implementation of the schemes under Food for works and NREP schemes since 1977 ?

Minister-in-charge of Development and Planning (I. R. D. P.) Department

(a) 5, 94,058 families have been assisted under I. R. D. P. in the State since its inception till February, 1985.

Total Government expenditure including subsidy under I. R. D. P. since inception upto January, 1985 amounted to Rs. 4193.40 lakhs. The banks sanctioned during the same period under the programme a total amount of Rs. 6744.02 lakhs as loan.

(b) The particulare of durable assets created through implementation of the food for works and NREP schemes from 1977 till December 1984, are given below :-

(1)	Area covered under afforestation /social foresty -	8, 139 Hec.
(2)	Sinking/resinking of drinking water wells for	
	SC/ST- Tubells -	11, 261
	Wells -	582
(3)	Group House	6,153
(4)	Excavation/reexcavation of vill. tanks -	4, 331
(5)	Area benefited under minor irrigation schemes -	1, 91, 178 Hec.
(6)	Flood Protection field channels -	9, 015 Hec. Covering 1, 13, 977 Hec.
(7)	Area benefited under Soil/Water conservation and land reclamation .	1,26,674 Hec.
(8)	Construction / Improvement of Rural reads (subject to standard specification)	1, 52, 391 Kms.
(9)	Qulverts	7, 500
(10)	School building constructed. improved	12,057
(11)	Community centres	438
(12)	Panchayar Ghars	2, 644
(13)	Wooden & Bamboo Bridge	251
(14)	Publi. lavatories	48

(15)	Grain Golas	36
(16)	Village Godowns	3
(17)	Washing Platforms	305
(18)	Bus Stands	17
(19)	Waiting Rooms	41
(20)	Homeopathy Dispensary	1

[2.00 --2.10 p.m.]

Mr. Speaker : Now the Minister-in-charge of the Commerce and Industries Department will make a statement.

শ্রী নির্মল কুমার বোস : স্যার আপনার নির্দেশে আমি একটা সংক্ষিপ্ত বিবরণ দিচ্ছি। আজকে অধিবেশন আরম্ভ হবার আগে প্রিন্টেড কোশ্চেন এসে পৌছায়নি। আমি দেখলাম একটা আট মিনিটে এইগুলি বিলি করা হয়। আমি আপনার সঙ্গে একমত যে বিষয়টি খুবই আন-ফরচুনেট। এই রকম হওয়া উচিৎ হয়নি। আমি আপনার নির্দেশ পাবার পর খোঁজ নিয়ে দেখলাম আজকের দিনের নির্দিষ্ট কাগজপত্র হঠাৎ একটি মেশিন ভেঙে পড়ায় ছাপতে দেরী হয়েছিল। আমি বলব এই রকম হওয়া উচিৎ হয়নি। আমি আপনার প্রতিশ্রুতি দিচ্ছি ভবিষ্যতে যেন এই রকম না হয় সেটা লক্ষ্য রাখব।

Mr. Speaker : Now the Minister-in-charge of the Commerce and Industries Department will take a statement.

Shri Saral Deb : অনেকদিন ধরে দেখছি held over থেকে যাচ্ছে।

Mr. Speaker : আজকে কোন held over ছিল না .... All the question were ready for answer. We have got one hour's time. This is the convation. However, all the remaining replies to the question/will be laid on the table. I am helpless if all the question could not be taken within the time allotted.

.১১H

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় মন্ত্রী মহাশয় দেখেছেন এবারে যে বাজেট বইগুলি দিচ্ছেন সেগুলি আপনি নিজে পড়ে দেখবেন তার মধ্যে কোন কোন জায়গায় দুর্বোধ্য হয়ে গেছে। ভাল ভাবে ছাপা হয়নি। টাইপগুলি বসেনি, কো রিলেট করা যাচ্ছে না। এই রকম ডিসক্রিপেন্সির জন্য আমাদের পক্ষে খুবই অসুবিধা হচ্ছে। If you go through the books, I can show you the examples. It is not discernible, It is not distinct.

Shri Nirmal Kumar Bose : আপনি যদি দেখিয়ে দেন তাহলে ভাল হয়।

Mr. Speaker : নাইন এন্ড ইলেভেন ক'রেকটেড কপি দেওয়া হবে। আমার অফিস থেকে আইডেন্টিফাই করেছি, It will be circulated among the ministers. আমাদের Assemblyএর কাজ Press এর উপর নির্ভরশীল তারা যদি না দেয় We are helpless. ওদের বলবেন এ্যাসেম্বলীর চলাকালীন কাগজপত্রগুলি যেন ঠিক সময়ে আসে।

Adjournment Motion

Mr. Speaker : Today I have received two notices of Adjournments Motion. One is from Shri Suniti Chattaraj on the subject of closure of Bengal Enamel (works) Ltd. and the other is from Shri Abdul Mannan and Shri Kashi Nath Mishra on the subjects of smuggling of coal to neighbouring country through West Bengal border.

The subject matters of both the motions do not merit the adjournment of the business of the house. Moreover, the Members may attract attention of the Ministers

concerned through Calling Attention, Mention, questions. They may also raise the matters during discussion on Budgut Demands relating to Labour and Police on the 17th and 18th April, 1985.

I, therefore, withhold my consent to both the motions. One member of the party may, however, read out the text of his motion as amended.

শ্রী সুনীতি চট্টরাজ : স্যার, ছাপাটা এতই দুর্বোধ্য, আপনি যদি পড়ে দেন তাহলে ভাল হয়।

মিঃ স্পীকার : মেসার্স বেঙ্গল এন্যামেল (ওয়ার্কস) লিমিটেড কারখানাটি বিগত ২.৮.৮৩ তারিখ থেকে বন্ধ রয়েছে। কারখানার ১৫৫৫ জন কর্ম্মচারীর সকলেই শোচনীয় অবস্থায় দিনাতিপাত করছেন, ইতিমধ্যে ২০ জন কর্ম্মচারী অভাবের তাড়নায় আত্মহত্যা করেছেন।

সুনীতি চট্টোরাজ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে অনুমতি দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ। অধিকাংশ সংবাদ পত্রে বেরিয়েছে যেদিন ঘটনা ঘটে আমি নাকি অপরিষদিয় কথাবার্তা বলেছি।

Mr. Speaker : There is no scope for personal explanation. I am going to debate. Don't make statement.

Calling Attention to Matters of Urgent Public Importance.

Mr. Speaker : I have received five notices of Callaing Attention, namely :

(1) Crisis of Jute Seed in West Bengal - Shri Jayanta Kumar Biswas.

(2) Devastating fire in the fifth floor of the Power-house at Dum Dum Airport - Shri Kashinath Mistra.

(3) Actual crisis of drinking water in calcutta - Shri Asok Ghosh, - Shri Abdul Mannan and - Shri Kashi Nath Mistra.

(4) Reported murder of three youngmen at at Anshtala in Nadis district on 7.4.85 - Shri Anil Mukherjee

(5) Non-implementation of the recommendation of 'Bhattacharya Commission' Shri Jamini Bhusan Saha Shri Gopal Krishna Bhattacharyya.

I have selected the notice of Shri Jamini Bhusan Saha and Shri Gopal Krishna Bhattacharyya on the subject of non-implementation of the reccommendation of 'Bhattacharya Commission'.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

শ্রী পতিত পাবন পাঠক : ২২শে এপ্রিল।

শ্রী সত্য রঞ্জন বাপুলি : স্যার, অনুমতি দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ। আমার একটা Important কোয়েশ্চেন ছিল টেক ওভার অব ইন্ডাষ্ট্রিয়াল ইউনিট সম্বন্ধে , আপনি যদি বলেন এটা যেন টেবিল করে দেন।

Mr. Speaker : Mr. Bapuli many question are not answered within the specified time limit. Every member thinks that his question is very important nature. I cannot discriminate between one member and another. The fate of your question will be same as of other members.

(Nani Bhattacharya rose to speak)

Mr. Bhattacharya one mistake I find that the member who has given the notice of Calling Attention is not present in the House. This is very bad practice. Member who has given notice of Calling Attention must be present in the House. This is

disrespect to the House.

জনসাধারনের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী বিষয়ের প্রতি শ্রী আনিসুর রহমান বিশ্বাস বিধায়ক কর্তৃক ২।৪।৮৫ তারিখে দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উত্তরে পশ্চিমবঙ্গের মাননীয় সেচমন্ত্রী শ্রী ননী ভট্টাচার্য্য মহাশয়ের বিধানসভায় ১০।৪।৮৫ তারিখে বিবৃতি।

শ্রী ননী ভট্টাচার্য্য : ইছামতী নদী মুর্শিদাবাদের মাথাভাঙ্গা নদী হইতে বাহির হইয়া মুর্শিদাবাদ, নদীয়া ও চব্বিশ পরগনা জেলার মধ্যে দিয়া প্রবাহিত হইয়াছে। এই নদীতে বনগাঁ অবধি জোয়ার ভাঁটা পরিলক্ষিত হয়। ইছামতী নদী গোবিন্দপুর সুরিদপুরের উত্তরাংশে ও ইটিন্ডার দক্ষিনাংশ বাংলাদেশ সীমান্ত বরাবর প্রবাহিত। মধ্যাংশ পশ্চিমবঙ্গের ২৪ পরগনা জেলার স্বরুপগনর,বাদুড়িয়া ও বসিরহাটের উপর দিয়া প্রবাহিত হইতেছে। হিংগল গঞ্জের নিকট এই নদী কালিন্দীর সঙ্গে মিশিয়াছে। ইছামতী নদী অত্যন্ত আকাবাঁকা পথে চলার ফলে বহু স্থানে এক পাড়ে ভাঙ্গন ও তার ওপর পাড়ে চর দেখা যাইতেছে। এই যুগপৎ - ভাঙান ও চরের গঠন দীর্ঘদিন যাবৎ লক্ষ্য করা যাইতেছে। এবং ইহা প্রকৃতপক্ষে বর্ষাকালীন আবহাওয়ার উপর অনেক নির্ভরশীল।

১৯৮২ ও ১৯৮৩ সালে পর পর অনাবৃষ্টির দরুন এই নদী ক্ষমতার তুলনায় অনেক কম জল বহন করে। ফলে নদীগর্ভে পলি জমে উঁচু হয়ে - ওঠে। ১৯৮৪ সালে বৃষ্টিপাতের পরিমান ছিল অত্যাধিক এবং জুন মাস হইতে সেপ্টেম্বর মাস পর্য্যন্ত অপর্য্যাপ্ত জল বহনের ফলে ইছামতী নদীতে ভাঙন দেখা দেয়। স্বরুপনগর, বাদুড়িয়া, বসিরহাট ও হাসনাবাদ থানার অর্ন্তগত ঘোলা, নলবোড়া (কাঁঠালবাগান) দুর্গাপুর, স্বরুপনগর, বাংলানী হুগলী, কুলিয়া, বাজিতপুর, কাবিলপুর, কাঁকড়াসুটি, পুড়াঁ ভোজপাড়া, হরিশপুর বসিরহাট, নিকারিপাড়া, হরিহরপুর, বাগুন্ডি টাকী, প্রভৃতি স্থানে অন্যান্য — বৎসরের থেকেও প্রবল ভাঙন পরিলক্ষিত হয়। পশ্চিমবঙ্গ সরকারের তরফে সীমিত ক্ষমতার মধ্যে অন্ততঃ গ্রামগুলিকে ভাঙনের হাত হইতে রক্ষা করার ব্যবস্থা নেওয়া হয়। এর মধ্যে কয়েক টি স্থানে পর্কোপাইন খাঁচা ও ঝাঁড় বাঁশ দ্বারা নির্মিত স্পারের সাহায্যে ভাঙন রোধের চেষ্টা ফলবতী হইয়াছে। ভাঙন রোধে এই সকল কাজ গত কয়েক বৎসর যাবৎ করা হইতেছে।

১৯৭৮ হইতে স্বরুপনগর, কুলিয়া, কাঁকড়াসুটি, কাবিলপুড়, মেদিয়া, বসিরহাট, নিকারিপাড়া, হরিহরপুর - বাগুন্ডি, টাকী প্রভৃতি স্থানে ভাঙন রোধে নানা ধরনের কাজ সাফল্যের সঙ্গে করা হইতেছে। যে সব মৌজায় ভাঙন রোধ সম্ভব হইয়াছে ঐ গ্রামগুলির নদীর পাড় ঢেউয়ের ভাঙন থেকে রক্ষা করার উদ্দেশ্যে ড্রাই-ব্রিক পীচিং দ্বারা পরিবৃত করার পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। এইরূপ মোট ১৩টি পরিকল্পনা ১৯৮৩ সালের অক্টোবর মাসে টেকনিক্যাল কমিটি হইতে অনুমোদনের জন্য সুপারিশ পাওয়া গিয়াছে। ১৩টি পরিকল্পনার মধ্যে স্বরুপনগর থানার -বাংলানী স্বরুপনগর ঘাট টিপি সহ আরো দুটি স্থানে কাজে হাত দেওয়া হইয়াছে এবং কাজগুলি সমাপ্তির পথে। বাকী, পরিকল্পনার কাজ প্রয়োজনীয় অর্থ সংস্থানের - উপর নির্ভর করছে। স্বরুপনগর থানার নলবোড়া, দুর্গাপুর ছাড়া ও বসিরহাট ও বাদুড়িয়া থানার অন্তর্গত কয়েকটিস্থানে এর ফলে উপকৃত হইবে বলিয়া অনুমান করা যাইতেছে। ইহা ব্যতীত আরো কয়েকটি পরিকল্পনা গ্রহণের জন্য প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইতেছে। পশ্চিমবঙ্গ সরকারের সেচদপ্তর ইছামতীর ভাঙন সম্বন্ধে ওয়াকিবহাল। সময় ও সুযোগ মত ভাঙন রোধে প্রয়োজনীয় বন্দোবস্ত গ্রহণ করা যাইবে বলিয়া আশা করা যায়।

[2-10 p.m - 2-20p.m.]

LAYING OF REPORT

Consideration of the Seventh Report of the Committee of Privileges

Mr. Chairman, committee on Privileges (Shri Kalimuddin Shams) : Sir, I beg to move that the Seventh Report of the Committee of Privileges (1984-85) of the Ninth Legislative Assembly as presented to the House on the 27th March, 1985, be taken into consideration.

শ্রী জয়ন্তেক্ত রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা পুট করবার আগে এই কনফিডারেশন মোসন সম্বন্ধে

আমি হাউসের সামনে কিছু বক্তব্য রাখতে চাই। আপনি দেখুন কাউল এ্যান্ড সাকদরের বইয়ের ৭৩৩ পৃষ্ঠায় বলা হয়েছে, এই সেভেন্থ রিপোর্টে আমি দেখতে পাচ্ছি আজকাল পত্রিকা হাউসের অভ্যন্তর ভাগের একটা ছবি তুলেছিল বলে তাদের বিরুদ্ধে প্রিভিলেজ মোসন আনা হয়েছিল। এখানে দেখছি ৫ পৃষ্ঠায় "আজকাল" পত্রিকার সম্পাদক শ্রী মদন মিত্র মহাশয় পরিস্কারভাবে বলেছেন ৪ এবং ৫ - এ Where a regret is expressed or clarification is given by the alleged offender, the Committee may not give a finding whether or not a breach of privilege has been committe and recommended that no further action be taken by the House in the matter. However, from the notice I find that any such photograph taken without the permission of the Hon'ble Speaker will be an act of misconduct and breach of privilege. এখানে যখন সম্পাদক মহাশয় দুঃখ প্রকাশ করেছেন, এখন যে প্রিসিডেন্টের কথা আগে কোট করেছে, সেই প্রিসিডেন্ট অনুযায়ী এখানে প্রিভিলেজ হয়েছে কিনা সেটা এক্সেসাইজ করার স্কোপ নাই, যেভাবে এখানে বলা হয়েছে এই রিপোর্টে, সেইভাবে কনক্লুড করা যায় না। এটা রেফার ব্যাক করা উচিত কমিটির কাছে।

Mr. Speaker : Mr. Roy, you see the recommendation. The Committee has recommended, "In view of the above findings the Committee recommends that no further action need be taken and the matter may be dropped."

শ্রী অমলেন্দ্র রায় : এখানে ফাইন্ডিংস যেটা আছে সেই ফাইন্ডিংসে আননেসেসারী রিডানডান্ট করা ...

মিঃ স্পীকার : আপনি এটা ভেবে দেখুন When the Committee has recommended that no further action is needed then we can approve the recommendation of the Committee

শ্রী অমলেন্দ্র রায় : এখানে মেরিটের কোয়েশ্চেন আছে। তাহলে তার মধ্যে যেতে হয়। ফাইন্ডিংস যেভাবে আছে সেটা কিন্তু তাহলে কোট করতে হবে। ফাইন্ডিংসে দেখা যাচ্ছে এখানে কোট করা হয়েছে। প্রিসিডেন্ট অনুযায়ী ফাইন্ডিংস আদৌ গ্রহণ করা যেতে পারে না। প্রিসিডেন্ট কোট করা আছে 1924, 1952, 1953, 1954 and 1956 .... Rulings constitute precedents by which subsequent Speakers, Members and Officers are guided. Such precedents are collected and in course of time, formulated as rules of procedure or followed as conventions ....তাহলে যে প্রিসিডেন্ট এই রিপোর্টে কোট করা হয়েছে সেই প্রিসিডেন্ট ফলো করতে হবে তাহলে, it is a breach of privilage out right.

মিঃ স্পীকার : But considering all the points the Committee recommended that no further action was necessary and the matter might be dropped.

শ্রী অমলেন্দ্র রায় : That is all right. কিন্তু অসুবিধা হচ্ছে, আপনি ফাইন্ডিংসটা পড়ে দেখুন - সেখানে দেখবেন যে যেখানে দুঃখ প্রকাশ করা হয়েছে সেখানে এটা এক্সারসাইজ করছে।

মিঃ স্পীকার : I find that one paragraph is there on which you can refer.

শ্রী অমলেন্দ্র রায় : আপনি দেখুন যেখানে এডিটর দুঃখ প্রকাশ করছে সেখানে এটা এক্সারসাইজ হয় কিনা। ব্রিচ অব প্রিভিলেজ হয় না। It could have been disposed on that letter. এই রিপোর্ট রিকাষ্ট করা উচিত it should be referred back to the Committee for reconsederation.

মিঃ স্পীকার : In that case you will have bring a separate notice.

শ্রী অমলেন্দ্র রায় : সেই মোসান আমি দিচ্ছি । at this stage আপনি মোসন দিতে বলেন দিচ্ছি।

মিঃ স্পীকার : আপনি মোসন দিলে তবে সেটা সারকুলেট করতে হবে। তারপর সেটা ডিবেট হবে। কারণ উইদাউট মোসন কোন ডিবেট হতে পারে না।

শ্রী অমলেন্দ্র রায় : আমি রুল - ৩০৬ আপনার এ্যাটেনসন ড্র করছি। তারপর আপনি দিতে বলেন দেবো। তারপর আপনি ডিবেটে দিতে পারেন নাও পারেন।

মিঃ স্পীকার : All right, we postpone this item. We do not take up this matter

today.

[2.20 p.m. - 2.30 p.m.]

Mr. Speaker : Rule 306 says "After the report has been presented, the Chairman or any member of the Committee or any other member may move that the report be taken into consideration, whereupon the speaker may put the question to the House". The question has been moved and it will be taken into consideration. Now you have either to oppose it or it should be taken into consideration.

Shri Amalendra Ray : Sir, I am moving that the report be referred back to the committee on Privileges for re-consideration.

Mr. Speaker : Mr. Ray, then you have to oppose it. Your main nexus is that the Report should not be taken into consideration now and this should be referred back to the Committee on Privileges for re-consideration. That means you are opposing the motion for consideration.

Shri Amalendra Ray : Yes Sir, I am opposing the motion.

Mr. Speaker : Mr. Ray, what I am suggesting is that when the Committee has recommended that no further action is necessary then why we debate on that. Why should we go back again ? What is the necessity ? Of course on one paragraph I am in agrement with you.

Shri Amalendra Ray : এইটুথ রিপোর্ট যখন আলোচনা হবে, তখন সেই বিষয়টা পরিস্কার হবে।

Shri Anil Mukherjee : Sir, without a motion how can be discuss it on the floor of the House ?

Mr. Speaker : He can give an opposing motion. He can oppose the consideration motion.

Shri Anil Mukherjee : Sir, I draw your attention to rule 307. It says "A motion that the report of the Committee be taken into consideration shall be accorded the priority assigned to a matter of privilege under rule 229, unless there has been undue delay in bringing it forward :

Provided that when a date has already been fixed for the consideration of the report, it shall be given priority as a matter of privilege on the day so appointed "

Mr. Speaker : Mr. Ray, supposing we adopt this. We are going on the recommendation of the committee. So, what the committee recommended is the operative part of it.

শ্রী অমলেন্দ্র রায় : অমি যেটা বলেছি — মেরিটে অসুবিধা আছে। অসুবিধা হচ্ছে, আমি যেটা বলেছি তার মধ্যে যদি আলোচনা হয়, তবেই যাওয়া যাবে। যে প্রিসিডেন্ট এখানে কোট করা হয়েছে, সেই প্রিসিডেন্ট ফলো করতে হলে, এই ফাইন্ডিংসে হয় না।

শ্রী দেবরঞ্জন সেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপানার কাছে এটা নিবেদন করছিলাম, ডেপুটি স্পীকার কলিমুদ্দিন সাহেব যে প্রস্তাবটা এখানে রেখেছেন, তাঁরা কমিটি থেকে একটা প্রস্তাব নিয়ে পাশ করে পাঠিয়ে দিয়েছেন, এখানে প্রস্তাবটা রেফার করে পাঠিয়েছেন। যেহেতু আজকালের সম্পাদক ক্ষমা চেয়েছেন, আপনার কাছে আমার নিবেদন, কমিটি সমস্ত জিনিসটা বুঝেছেন এবং সমস্ত জিনিসটা সংক্ষিপ্ত ভাবে অর্ডার হিসাবে রেখেছেন। অতএব এই অবস্থায়, এটা সম্পর্কে আলোচনা করার কোন স্কোপ নেই।

শ্রী সত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার একসপেরিয়েন্সের কথা মন দিয়ে

শুনছিলাম। আপনি ঠিকই ধরেছেন। এখানে যখন এটা এসেছে তখন হয় এটাকে এ্যাডপ্ট করতে হবে, না হয় ওনাকে অপোজ করতে হবে। Whether he will oppose his own resolution, that is another question. অপোজ যদি না করেন তাহলে এ্যাজ ইট ইজ এ্যাকসেপ্ট করে নেওয়ার বাঞ্ছনীয়।

শ্রী অমলেন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে কথা হচ্ছে যে এ্যাজ ইট ইজ এই ফাইন্ডিং এ্যাকসেপ্ট করা। আমি যেখানে প্রিসিডেন্ট কোট করেছি, প্রিসিডিংয়ে বলেছি যে যার বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে, তিনি দুঃখ প্রকাশ করেছেন বা ক্ষমা চেয়ে নিয়েছেন সেখানে ব্রীচ অব প্রিভিলেজ হয়েছে কি হয়নি -- সেই আলোচনার মধ্যে যাওয়ার প্রয়োজন নেই। এখানে ফাইন্ডিংয়ে সেই আলোচনার মধ্যে গেছি এবং শুধু যে গেছি তা নয়, সেই প্রিসিডেন্ট অলরেডি এসট্যাবলিসড। আমরা সেই প্রিসিডেন্টের বাইরে কাজ করছি তাতে একটা অসুবিধার সৃষ্টি হচ্ছে। আমি জানিনা কি ভাবে এই কন্ট্রাডিকশানটা ডিসলব করবেন। এই ফাইন্ডিংয়ের মধ্যে ব্রীচ অব প্রিভিলেজ হয়েছে কি হয়নি। — এই কোয়েশ্চেন যে ভাবে ডিল করা হচ্ছে সেই ভাবে ডিল করার অবকাশ নেই। কারণ এখানে পরিষ্কার করে বলা হয়েছে যে দুঃখ প্রকাশ করলে আর কিছু হবে না। কাজেই ব্রীচ অব প্রিভিলেজ হয়েছে কি হয়নি এটাআপনি দেখুন। ফাইন্ডিংয়ের মধ্যে যেন এটা প্রমান করার চেষ্টা হচ্ছে যে এটা ব্রীচ অব প্রিভিলেজ হয়নি। আমি বলছি why this exercise ? This is against the precedents.

আমি ৫/৭টা প্রিসিডেন্টের কথা এখানে উল্লেখ করেছি। সেই প্রিসিডেন্টের এটা বিরোধী, এটা হয়না। বিশেষ করে সুনীতিবাবু যে প্রিসিডেন্টের কথা বলেছেন — মে'স পার্লামেন্টরী প্র্যাকটিসের যে প্রিসিডেন্ট কোট করা আছে, কাউল এ্যান্ড শকধর যে প্রিসিডেন্ট কোট করা আছে, তারপরে এটা এখানে আসে কি করে ? সে জন্য বলছি যে একটা কনট্রাডিকশান দেখা দিয়েছে, কি করে এটা ডিজলভ হবে সেটা আপনি দেখুন।

মিঃ স্পীকার : Mr. Roy, you will have to give written notice to that effect.

মিঃ অমলেন্দ্র রায় : স্যার, আপনার নির্দেশ অনুযায়ী দিয়ে দেব।

মিঃ স্পীকার : কখন দেবেন ?

শ্রী অমলেন্দ্র রায় : যদি ডিবেট হয়, আমি আপনার নির্দেশের উপরে নির্ভর করে নোটিশ দিয়ে দিতে পারি। কারণ রুলে আছে ডিবেট হবে।

Mr. Speaker : ডিবেট তো হচ্ছেই। I am hearing all parties. Now, Dr. Zainal Abedin, you were not in the House. A question has been raised by Shri Amalendra Roy as regards the report of the Committee on Priviliges. It was recommended by the Committee that as the editor of 'Aajkal' expressed his regret, the matter should be dropped. But the preceedings of the Committee has given certain findings which, according to Mr. Roy, are not proper. Now what to do ? Either we shall have to adopt it or we shall have to oppose it. According to Mr. Ray, it should be sent back to the Committee for reconsideration. Now the point is that if it is referred back to the Committee, the finding of the Committee would not be waived. It would be on record.

শ্রী অমলেন্দ্র রায় : রেফারড ব্যাক করা হচ্ছে যখন সেই ভাবে আবার হাউসে আসতে পারে।

মিঃ স্পীকার : In that case the whole thing would have to be re-opered.

শ্রী অমলেন্দ্র রায় : রেফারড ব্যাক মানে যা তাই তো হবে।

[2.20 p.m. - 2.30 p.m.]

Sir, in the last paragraph we have stated, "The Committee also observes that the act of taking photographs of the chamber and publishing the same cannot by itself be a breach of privilege and contempt a of the House unless it is coupled with the motive of directly or indirectly bringing such House into odium, contempt or ridicule. But in the instant case such motive on the part of the Editor could not be easily inferred. Thus a doubt arises as to the motive of the photographer in publishing the photographs. The

Committee recommends no action against the newspaper concerned while it feels that steps may be taken to regulate entry of photographers with cameras." Sir, we have also drawn the attention of the Rules Committee. If necessary, the Rules Committee can go into the matter and see what type of procedure we can adopt for the photographers while the House is in Session. In our findings we have already drawn the attention of the Rules Committee to this case.

শ্রী অনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই রিপোর্ট অব দি কমিটি যেটা প্লেসড হয়েছে সেটাকে গ্রহণ করার জন্য এই মোশন এসেছে। আইনের ৩০৭ প্রোভাইসো অনুযায়ী আপনি আজকে ডেট ফিক্সড করেছেন।

Mr. Speaker : The point is what are the purpose it will serve even if it goes for reconsideration ? To refer it back is not obligatory.

Shri Anil Mukherjee : The point is, whether the House can sent it back again to the Privilege Committee for reconsideration. According to rule 307, 'A motion that the report of theCommittee be taken into consideration shall be accorded the priority assigned to a matter of privilege under rule 229,' There is a proviso - 'Provided that when a date has already been fixed for the consideration of the report, it shall be given priority as a matter of privilege on the day so appointed'. So, it cannot be referred.

শ্রী পবিত্র পাবন পাঠক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই রুল সম্পর্কে যা জানি তাতে রিপোর্টের উপর এইরকম কোন বিস্তারিত আলোচনা করা যায় না। আপনি এই ব্যাপারে একটা সিদ্ধান্ত নিন, এই রকম ভাবে আলোচনা, ডিবেট করা যায় না। তাই আমার নিবেদন আপনি রুলস দেখে এই ব্যাপারে আপনার সিদ্ধান্ত নিন।

শ্রী নির্মল কুমার বোস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমাদের প্রিভিলেজ কমিটির সর্ব সম্মত সিদ্ধান্ত, এই সভায় কমিটির পক্ষ থেকে চেয়ারম্যান পেশ করেছেন। আপনি জানেন যে, বিধানসভার কমিটির মর্যাদা বিধানসভার মত এবং এটাকে আমরা বিধানসভার মতই মনে করি। এই কমিটিতে সব দলের প্রতিনিধি আছেন। তারা সবাই মিলে সব দিক বিবেচনা করে এই রিপোর্ট পেশ করেছেন। আমাদের এই বিধানসভায় এই রকম প্রিভিলেজ কমিটির রিপোর্ট অতীতেও বহুবার পেশ করা হয়েছে। যেহেতু সেই কমিটিতে সব দলের প্রতিনিধি আছেন এবং যেহেতু এটা হাউসের'ই একটা কমিটি, সেহেতু সেই কমিটি হাউসের মতই কাজ করে। এটা একটা রেওয়াজ হয়ে দাঁড়িয়ে গেছে যে, কমিটি যে রিপোর্ট পেশ করে সেই রিপোর্ট বিনা আলোচনায় গ্রহণ করা হয়। আমার নিবেদন এই রিপোর্ট বিনা আলোচনায় গ্রহণ করার ব্যবস্থা করা হোক। দ্বিতীয়তঃ ঠিক টেকনিক্যালি বলা যেতে পারে একটা মোসান ফর কনসিডারেসন এসেছে, এটার বিরোধিতা করা, পুনর্বিবেচনা করা, সংশোধন করা হতে পারে - কিন্তু এই নোটিশ বিজনেস এ্যাডভাইসারি কমিটিতে আগে থেকে জানানো হয়েছিল, ঠিক করা হয়েছিল। মাননীয় সদস্য অমলেন্দ্র রায় এই সভার অত্যন্ত বিশিষ্ট অভিজ্ঞ সদস্য। তিনি যদি কোন রকম সংশোধনী চাইতেন তাহলে মোসান দিতে পারতেন। মোসান নেই। মৌখিকভাবে এখন বলছেন, লিখিতভাবে মোসান নেই। সুতরাং এটা গ্রহণ করা বিধি সম্মত হবে না। তৃতীয় কথা হচ্ছে, শুরুতেই বলেছেন সাবসট্যান্টিভ মোসান। শেষ কথা হল, এই বিষয়ে আর কিছু করার দরকার নেই। সেই কারণে বলছি এটাই যখন মূল কথা, তখন আপনার কাছে নিবেদন করব এটা গ্রহণ করা হোক।

শ্রী ভক্তি ভূষণ মণ্ডল : মিঃ স্পীকার, স্যার, আমার মনে হয় সবটা রং কনসিডারেসনের মধ্য দিয়ে যাচ্ছে। রুলস ৩০৫ প্রথমে দেখতে হবে। রুলস ৩০৫ পরিষ্কার বলা আছে .... and make such recommendation as it may deem fit. এর পরে আর কোন কোশ্চেন এ্যারাইজ করতে পারে না। সেইজন্য আমি বলছি, রুল ৩০৫ টা যদি দেখা যায় এবং তারপর যে ৩০৭ এবং অন্যান্য যা আছে দেখা যায় এবং সেটার সঙ্গে যদি কনসিসটেন্সী রাখতে হয় তাহলে এই কোয়েশচেনটা এ্যারাইজ করবে না। তার কারণ, তাদের রেকমেনডেসান পাওয়ার আছে। ...... without evering into the merits such recommendation as it may deem fit. ৩০৫-এ যেটা বলা আছে তাতে ম্যানডেটরি বলে বলা নেই যে জাজমেন্ট দিতে হবে, রিজিনিং দিতে হবে, কি অন্য কিছু করতে হবে। তা যদি না থাকে তাহলে এই কোয়েশচেন এ্যারাইজ করে না। ৩০৫ টা যদি

কনসিডার করা যায় ৩০৭ - এর সঙ্গে তাহলে দেখা যাবে রেফার্ড ব্যাকের কোন প্রশ্নই আসতে পারে না। যেটা তারা করেছেন that written then jurisdiction they have done it rightly.

শ্রী অমলেন্দ্র রায় : স্যার, আমি রেফার্ড ব্যাকের যে প্রস্তাব করেছিলাম সেটা রুলের কোথাও নেই, এটা হচ্ছে, প্রিসিডেন্ট। এটা লোকসভার প্রিসিডেন্ট। আপনি যদি কাউল এ্যান্ড শাকদেরের বই-এর ৭৩২ পাতার প্যারা প্যারাটি দেখেন তাহলে দেখবেন, লোকসভার ডিবেট, ২৪.১১.৬৯ তারিখে, সেখানে বলা আছে After hearing the member who had originally raised the question of privilege a report was referred back at the consideration stage for reconsideration of the Committee. I stand on this এটা লোকসভার প্রিসিডেন্ট, রুলের ব্যাপারে এটা নয়। রুলে সবটা কভার্ডও নয়।

শ্রী ভক্তি ভূষণ মণ্ডল : যেখানে ষ্টাটুটারি ফরমুলেসান করা আছে — উই আর নট বাউণ্ড বাই দি লোকসভা রুলস এখানে ষ্টাটুটারি রুলস দেওয়া আছে। যদি দেওয়া না থাকে সে জায়গায় আমরা উই মাষ্ট বি বাউণ্ড বাই দি রুলিং কিন্তু যেখানে পরিষ্কার বলে দেওয়া আছে সেখানে এটা এ্যাপ্লাই হবে না। কারণ, পার্লামেন্টে যে রুল আছে সেই রুল একেবারে ম্যানডেটরি একথা কোন জায়গায় লেখা নেই এবং উই আর বাউন্ড বাই দ্যাট রুলস একথাও লেখা নেই। এখানে রুলে যা লেখা আছে সেই অনুযায়ী হবে, ঐ প্রিসিডেন্ড এখানে এ্যাপ্লাই করবে না। That is the common sense of the law.

শ্রী অমলেন্দ্র রায় : আমি শুধু এইটুকুই এ্যাড করতে চাই যে আমাদের যা রুলস লোকসভার ভ্যারবেটিম সেই একই রুলস, তা সত্ত্বেও এই প্রিসিডেন্টটা সেখানে আছে।

Mr. Speaker : It can be sent back for reconsideration. I do not disagree on that point My point is whether the House will send it for reconsideration or not. Dr. Abedin, can you help us ?

Dr. Zainal Abedin : Sir, the House is supreme. Whatever may be the findings of the Committee the House has the right to recommend, dispose or refer it back for reconsideration. The House is supreme. If the report of the Committee is not final the recommendation may be considered and the House will take a decision a fresh on this and the decision of the House is bound by the Committee.

Mr. Speaker : That. I agree with you. Mr. Roy, the question now will be whether consensus of the House is that the report is to be taken into consideration or it will be referred back for reconsideration. I would now take your motion for sending it for reconsideration. Now you are to move it. In this connection I shall have to take the consent of the House on your oral motion.

Shri Abdus Sattar : He has moved his oral motion will that oral motion be accepted ?

Mr. Speaker : Yes, he has moved his oral motion. That can be made and there is no problem.

[2.40 p.m. - 2.50 p.m.]

Shri Abdus Sattar : Mr. Speaker, Sir, Rule 305 has been mentioned by Shri Bhakti Bhushan Mondal and thereafter if you refer to Rule 306 whatever may be the Report, as presented by the Chairman of the Committee, that Report has to be considered by the House. But, so far as Rule 305 is concerned, i.e. and make such recommendations as it may deem fit, - whether it will be accepted by the House or not, - is the question.

Mr. Speaker : No further debate on this.